Aladdin



Avjvw`b

২৯-০৬ ৩৬ এভিনিউ
এস্টোরিয়া, নিউইয়র্ক ১১১০৬ Aladdin Tel: 718-784-2554

যুক্তরাষ্ট্রে টর্নেডোর তাণ্ডবে নিহত ৩৬

বাংলা পত্রিকা রিপোর্ট: যুক্তরাষ্ট্রের দক্ষিণ-পূর্বাঞ্চলে শক্তিশালী টর্নেডো ও ভয়াবহ ঝড়ে অন্তত ৩৬ জন নিহত হয়েছে। বিধ্বংসী এই ঝড়ে মিসৌরিতে *১২-এর পৃষ্ঠায় দেখুন*

এবার নিউইয়র্কের ফেতরা ১৫ ডলার

বাংলা পত্রিকা রিপোর্ট: চলতি বছর এবার নিউইয়র্কে জনপ্রতি ফিতরা নির্ধারণ করা হয়েছে ১৫ ডলার। জ্যামাইকা মুসলিম সেন্টার ও মসজিদ মিশন সেন্টার (হাজী ক্যাম্প মসজিদ) সূত্রে এই তথ্য জানা গেছে। সংশ্লিরা জানান, ধর্মীয় মতে রমজান মাসের মধ্যেই অর্থাৎ ঈদুল ফিতর নামাজের আগেই সকল মুসলিম নরনারীর ফিতারা প্রধানের নিয়ম রয়েছে। তাই এখন থেকেই ফিতরা প্রদান করা যাবে। প্রয়োজনে ফিতরা প্রদানের নিয়ম-কানুন জানতে আলেম-ওলেমাদের পরামর্শ নিতে অনুরোধ জানানো হয়েছে।

পথচলায় ২৯ বছর

The Weekly Bangla Patrika

বাংলা পত্রিকা

www.banglapatrikausa.com ■ Vol. 29 ॥ Issue 24 / March 17, 2025, USA. Free in NY, Other State $1

বর্ষ ২৯ ॥ সংখ্যা ২৪ ॥ সোমবার, চৈত্র ৩, ১৪৩১ ॥ রমজান ১৬, ১৪৪৬

টাইম টেলিভিশন ও বাংলা পত্রিকার কিরাত প্রতিযোগিতার সফল সমাপ্তি

কিরাত প্রতিযোগিতার প্রশংসায় পঞ্চমুখ কমিউনিটি



টাইম টেলিভিশন ও বাংলা পত্রিকা কোরআন তেলাওয়াত প্রতিযোগিতায় বিজয়ীদের সাথে আমন্ত্রিত অতিথি ও কলাকুশলীরা

বিশেষ প্রতিনিধি: ধর্মীয় ভাবগম্ভীর পরিবেশে নিউইয়র্কে তৃতীয়বারের মতো তৃতীয়বারের মতো অনুষ্ঠিত হলো টাইম টেলিভিশন ও বাংলা পত্রিকা'র কিরাত প্রতিযোগিতার ফাইনাল ও ইফতার মাহফিল। ব্যতিক্রমী এই আয়োজনে প্রশংসায় পঞ্চমুখ কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিবর্গ। আগামীতে আরো ব্যাপক আয়োজনে এমন অনুষ্ঠান

আগামীতেও এমন অনুষ্ঠান আয়োজনের দাবী কমিউনিটি ব্যক্তিবর্গের

দুই বিভাগ থেকে ৩ জন করে ছয়জন বিজয়ী

আয়োজনের দাবীও কমিউনিটির। শনিবার (১৫ মার্চ) এস্টোরিয়ার ভ্যারাইটি বয়েজ এন্ড গার্লস ক্লাব মিলনায়তনে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়। এতে বিপুল সংখ্যক প্রবাসী বাংলাদেশী সপরিবারে অংশ নেন।

বিকেল তিনটার দিকে প্রতিযোগিতার ফাইনাল রাউন্ড শুরু হয়। এর আগে *২-এর পৃষ্ঠায় দেখুন*

যুদ্ধকালীন আইন পুনরুজ্জীবিত করলেন ট্রাম্প

বাংলা পত্রিকা রিপোর্ট: অবৈধ ও অপরাধী অভিবাসীদের বিতাড়নে শতবর্ষ আগের যুদ্ধকালীন আইন পুনরুজ্জীবিত করলেন প্রেসিডেন্ট ট্রাম্প। শনিবার ভেনেজুয়েলার আড়াই শতাধিক নাগরিককে যুক্তরাষ্ট্র থেকে ফ্লাইটযোগে ডিপোর্ট করা হয়েছে।

রোববার বার্তা সংস্থা রয়টার্সের প্রতিবেদনে জানানো হয়েছে, ১৭৯৮ সালের 'বহিঃশত্র আইন' ব্যবহার করে যুক্তরাষ্ট্রে অবস্থানরত ভেনেজুয়েলার ওই গ্যাং সদস্যসহ অবৈধ অভিবাসীদের ডিপোর্টেশন করতে চান প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। এ

অবৈধ অভিবাসীদের বিতাড়নে

আইনের অধীনে যুক্তরাষ্ট্র সরকার চাইলেই কোনো অনাগরিককে যে কোনো মুহূর্তে দেশ থেকে বের করে দিতে পারে। এ ক্ষেত্রে ভুক্তভোগীকে আইনের আশ্রয় নেওয়ার সুযোগও দেওয়া হয় না।

এই আইন কুখ্যাতি *৫-এর পৃষ্ঠায় দেখুন*

ডিপোর্টেশন ঝুঁকিতে যুক্তরাষ্ট্রের গ্রীনকার্ডধারীরা!

বাংলা পত্রিকা রিপোর্ট: কলোম্বিয়া বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী মাহমুদ খলিলের গ্রেপ্তারের ঘটনায় যুক্তরাষ্ট্রে গ্রীনকার্ডধারীদের ডিপোর্টেশন সংক্রান্ত অভিবাসী আইনী জটিলতা ও প্রশ্নের সৃষ্টি হয়েছে। অভিবাসী আইনের বেশ কিছু ক্ষেত্রে ফেডারেল সরকার ও আইন প্রয়োগকারী সংস্থাকে গ্রীনকার্ডধারীদের কার্ড বাতিল ও ডিপোর্টের অনুমতি দেয়। *৫-এর পৃষ্ঠায় দেখুন*



গণ ডিপোর্টেশন

গ্রেপ্তার ৩২ হাজার অবৈধ অভিবাসীর ৭০ শতাংশ অপরাধী

বাংলা পত্রিকা রিপোর্টঃ যুক্তরাষ্ট্রে অভিবাসনবিরোধী অভিযানে ৫০ দিনে আইস ৩২ হাজার ৮০৯ জন অবৈধ অভিবাসীকে গ্রেপ্তার করেছে। এদের মধ্যে ৭০ *২৯-এর পৃষ্ঠায় দেখুন*

ডিপোর্টেশন টার্গেটে ফিলিস্তিনপন্থী শিক্ষার্থীরা

বাংলা পত্রিকা রিপোর্ট: যুক্তরাষ্ট্রে 'গাজা যুদ্ধবিরোধী' বিক্ষোভে অংশ নেওয়া এমন আন্তর্জাতিক কিংবা গ্রীনকার্ডধারী বিশ্ববিদ্যালয় শিক্ষার্থীরা গ্রেপ্তার ও ডিপোর্টেশন আতংকে রয়েছেন। কারণ ট্রাম্প প্রশাসনের অভিবাসন বিরোধী কঠোর পদক্ষেপের অংশ হিসেবে এবার যুক্তরাষ্ট্রের *৫-এর পৃষ্ঠায় দেখুন*

যে কোন ইন্স্যুরেন্স পেতে আজই যোগাযোগ করুন



EXIT LUXURY INC.
BASE NO. B03152
APOLLO
INSURANCE BROKERAGE
WE DO TLC INSURANCE
Shamsher Ali
President & CEO
29-10 36th Ave., Astoria, NY 11106
Tel: 718-472-9800, Fax: 718-472-9801
e-mail: apollobrokerageinc@gmail.com
exitluxuryinc@gmail.com

রিয়েল এস্টেট ইনভেস্টমেন্ট
► প্রাইভেট অকশনের বাড়ি
► পাবলিক অকশনের বাড়ি
► ব্যাংক মালিকানা বাড়ি
► শর্ট-সেল ও REO-প্রপার্টি
কল করুনঃ
৫১৬-৪৫১-৩৭৪৮
Eastern Investment
150 Great Neck Road, Oreat Neck, NY 11021
nurulazim67@gmail.com



Nurul Azim

TIME TV PLUS
টাইম টিভিসহ দেশী-বিদেশী
দেড় শতাদিক চ্যানেল দেখুন
Time TV + এ
বাৎসরিক চার্জ $100
যোগাযোগঃ ৬৪৬-২৯১-৭৪০৮

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না?
তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
▪ TAX Liens Charge Offs ▪ Inquiries ▪ Collections
▪ Garnishment ▪ Bankruptcy ▪ Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem
Credit Consultant
37-42, 72nd St, Suite#1D, Jackson Heights NY 11372
Email: kashem2003@gmail.com

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK
আমরা বিভিন্ন এয়ারলাইন্সের স্টক হোল্ডার
7305 37th ROAD, JACKSON HEIGHTS, NY 11372
সুপার সেল
$৫৪৯+
917-396-4140, 917-592-7828
MOHAMMAD B HOSSAIN (BELAL) President & CEO

কিরাত প্রতিযোগিতার প্রশংসায় পঞ্চমুখ কমিউনিটি

প্রথম পৃষ্ঠার পর

স্বাগত বক্তব্য রাখেন টাইম টেলিভিশনের সিইও এবং বাংলা পত্রিকা'র সম্পাদক আবু তাহের।

ফাইনালে দুই বিভাগ থেকে ৫ জন করে মোট ১০ জন প্রতিযোগী অংশ নেন। আবু সুফিয়ানের উপস্থাপনায় প্রতিযোগিতায় বিচারকের দায়িত্ব পালন করেন শেখ ওমর ও ওস্তাদ রাহাত ইকবাল। ফাইনালের ক বিভাগে আসফিয়া আবসার আয়শা প্রথম, লিয়ান আল সাইদী দ্বিতীয় এবং আব্দুর রহমান সালেহ তৃতীয় এবং খ বিভাগে মুয়াজ ইবনে কামাল প্রথম, মাশরাফি আলম দ্বিতীয় এবং হুজাইফা খান তৃতীয় স্থান অধিকার করে। পরবর্তীতে অতিথিবৃন্দ ও কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিবর্গ বিজয়ীদের মাঝে পুরস্কারের চেক বিতরণ করেন।

অনুষ্ঠানে আমন্ত্রিত অতিথি নিউইয়র্কে বাংলাদেশের কনসাল জেনারেল নাজমুল হুদা, ষ্টেট সিনেটর ও সিটির আগামী মেয়র নির্বাচনে ডেমোক্র্যাট দলীয় প্রাইমারীতে মেয়র পদপ্রার্থী জেসিকা রামোস, মূলধারার রাজনীতিক এটর্নী মঈন, নিউইয়র্ক সিটির আগামী নির্বাচনে জজ পদে প্রার্থী মি. থ মাস, ডা. ঝুন্নুন চৌধুরী, ড. রুহুল আমীন, ফার্মাসিস্ট শাহাব আহমেদ, মর্টগেজ ব্যাংকার জান ফাহিম, খানস টিউটোরিয়ালের সিই ড. ইভান খান, মামুন'স টিউটোরিয়ালের কর্ণধার শেখ আল মামুন, ডা. নাহিদ, বাংলাদেশী আমেরিকান সোসাইটি ইউএসএ'র সাধারণ সম্পাদক আমিন মেহেদী, রিয়াল এস্টেট ব্যবসায়ী সেলিনা আক্তার, মূলধারার রাজনীতিক মেরী জোবায়দা, কুলাউড়া বাংলাদেশী এসোসিয়েশন ইউএসএ'র সাবেক সভাপতি শাহেদ চৌধুরী, এস্টারিয়ার ওয়ালফেয়ার সোসাইটি ইউএসএ'র উপদেষ্টা হাজী আব্দুর রহমান, সভাপতি সোহেল আহমদ, সহ সভাপতি কয়েছ আহমদ, সাধারণ সম্পাদক জাবেদ আহমেদ, সহ সাধারণ সম্পাদক মইনুল হক চৌধুরী, কোষাধ্যক্ষ এমদাদ রহমান তরফদার, সদস্য মীর জাকির, শাহীন হাসনাত, মোহাম্মদ নূরুল হক, আবু সোলেমান, জহিরুল হক চৌধুরী ও বিশিষ্ট ব্যবসায়ী ইকবাল হায়দার সহ বিশিষ্ট ব্যক্তিবর্গ শুভেচ্ছা বক্তব্য রাখেন। এসময় বক্তারা এই কিরাত প্রতিযোগিতা আয়োজনের ভূয়সী প্রশংসা করেন এবং আগামীতে ব্যাপক আকারে এমন অনুষ্ঠান আয়োজনের দাবী জানান।









এবারের কিরাত প্রতিযোগিতায় নতুন প্রজন্মের ৬৪জন শিশু কিশোর-কিশোরী প্রথম পর্বে অংশ নেয়। পরবর্তীতে দ্বিতীয় পর্বে উত্তীর্ন ৪৫ জন প্রতিযোগির মধ্য থেকে ১০ জন চুড়ান্ত পর্বে অংশ নেয়। আমেরিকার মিশ্র সাংস্কৃতিক পরিমন্ডলে মুসলিম কমিউনিটির নতুন প্রজন্মের মাঝে ইসলামের আলো ছড়িয়ে দিতে পবিত্র আল কোরআনের কিরাত প্রতিযোগিতা ভূমিকা রাখবে- এমনটাই মনে করেন সংশ্লিস্টরা। ইফতার পূর্ব বিশেষ মুনাজাত পরিচালনা করেন মওলানা রশীদ আহমদ। ইফতার মাহফিলের মাধ্যমে অনুষ্ঠানের সমাপ্তি ঘটে।

























৩২৮ মিলিয়ন ডলার নিউ ইয়র্ক স্টেট অ্যাটর্নি জেনারেলের নিষ্পত্তি

২০১৪-২০১৭ সালের উবার/লিফট ড্রাইভারদের জন্য ফান্ড!

৬০,০০০ প্লাস ড্রাইভার ইতিমধ্যে তাদের টাকা পেয়েছেন!

আপনার প্রাপ্য টাকা দাবি করুন!

যদি আপনি উবারের জন্য কাজ করে থাকেন (২০১৪ সালের নভেম্বর ১০ থেকে ২০১৭ সালের মে ২২ পর্যন্ত) অথবা লিফটের জন্য (২০১৫ সালের অক্টোবর ১১ থেকে ২০১৭ সালের জুলাই ৩১ পর্যন্ত), তবে ৩১ মার্চের মধ্যে নিউ ইয়র্ক স্টেট অ্যাটর্নি জেনারেল ৩২৮ মিলিয়ন ডলার উবার/লিফট নিষ্পত্তি তহবিল থেকে আপনার প্রাপ্য দাবি জমা দিন। যাত্রীর কাছ থেকে নেওয়ার পরিবর্তে উবার এবং লিফট ড্রাইভারদের বেতন থেকে অবৈধভাবে BCF চার্জ এবং বিক্রয় করের খরচ কেটে নিচ্ছিল। ৬০,০০০+ এর বেশি ড্রাইভার ইতিমধ্যে তাদের তহবিল পেয়েছে কিন্তু ৩০,০০০ ড্রাইভার এখনও তাদের দাবি জমা দিতে হবে। নিউ ইয়র্ক স্টেট (NYS) অ্যাটর্নি জেনারেল NYTWA (নিউইয়র্ক ট্যাক্সি ওয়ার্কার্স অ্যালায়েন্স) -কে শেষ গ্রুপের ড্রাইভারদের ৩১ মার্চের মধ্যে আবেদন করতে সাহায্য করতে বলেছেন। NYTWA রবিবার থেকে শুক্রবার সকাল ১১টা থেকে রাত ৭টা পর্যন্ত ব্যক্তিগত সেবা প্রদান করছে।

এটি গুরুত্বপূর্ণ নয় যে আপনি আর উবার বা লিফটে কাজ করছেন কিনা, আপনার অ্যাকাউন্ট নিষ্ক্রিয় করা হয়েছে বা আপনি যুক্তরাষ্ট্রের বাইরে চলে গেছেন। যদি ড্রাইভারের মৃত্যু ঘটে থাকে, তবে জীবিত পরিবারের সদস্য আবেদন করতে পারেন। যারা উভয় কোম্পানির জন্য নিষ্পত্তির সময়কালে কাজ করেছেন, তারা উভয় কোম্পানি থেকে টাকা পাবেন।

NYTWA সেই অভিযোগ দায়ের করেছিল যা নিউ ইয়র্ক অ্যাটর্নি জেনারেলের তদন্তের দিকে নিয়ে গিয়েছিল। NYTWA ৩টি মামলা দায়ের করেছিল এবং ৮.৫ (সাড়ে আট) বছর ধরে লড়াই করেছে। কোন ড্রাইভারকে পিছনে রাখা উচিত নয়। ৩১ মার্চের মধ্যে এসে আপনার দাবি জমা করুন। এটি বিনামূল্যে এবং গোপনীয়।

আমরা কথা বলি: স্প্যানিশ, মান্দারিন, বাংলা, রাশিয়ান, ফরাসি, নেপালি, উর্দু/পাঞ্জাবি, আরবি, এবং আরও অনেক ভাষায়।

নিউ ইয়র্ক স্টেট অ্যাটর্নি জেনারেলের অফিস ঘণঞ্চডঅ-কে তাদের দাবি জমা না দেওয়া ড্রাইভারদের সঙ্গে যোগাযোগ করতে নিয়োগ দিয়েছে। নিউ ইয়র্ক স্টেট পার্সোনাল প্রাইভেসি প্রোটেকশন আইন অনুযায়ী, আপনি ঘণঞ্চডঅ-কে যে কোনও ব্যক্তিগত তথ্য, যেমন আপনার নাম বা ঠিকানা প্রদান করলে, তা কেবল আপনার পেমেন্ট প্রক্রিয়া করার জন্য ব্যবহার করা হবে। ঘণঞ্চডঅ-তে কেউ আপনার ব্যাংকিং তথ্য চাইবে না। ঘণঞ্চডঅ আপনার ব্যক্তিগত তথ্য একটি নিরাপদ ডেটাবেসে শুধুমাত্র সেই সময়ের জন্য সংরক্ষণ করবে যতটুকু আপনার পেমেন্ট প্রক্রিয়া করতে প্রয়োজন, অ্যাটর্নি জেনারেলের অফিসের নির্দেশ অনুযায়ী। যদি আপনার ডেটা নিরাপত্তা, গোপনীয়তা, বা আপনার ব্যক্তিগত তথ্য জমা দেওয়ার বিষয়ে কোনো উদ্বেগ থাকে, তবে আরও তথ্যের জন্য অএ অফিসের সঙ্গে যোগাযোগ করুন।

নিউ ইয়র্ক ট্যাক্সি ওয়ার্কার্স অ্যালায়েন্স

- **সময়সূচী:** সকাল ১১ টা - সন্ধ্যা ৭টা রবিবার থেকে শুক্রবার
- **ঠিকানা:** ৩১-১০ ৩৭তম এভিনিউ, এলআইসি, নিউ ইয়র্ক ১১১০১
- **ফোন:** ৭১৮-৭০৬-৯৮৯২
- **আপনার পরিচয়পত্র এবং ফাইল গ্রহণ-করার জন্য সাথে দুটি নিজের ফটো আইডি নিয়ে আসুন।**

The Weekly Bangla Patrika

Editor: **Abu Taher**
Tel : 718 482 9923
718 482 1169
Fax: 718 482 9935

সম্পাদকীয়

আমরা শোকাহত, ক্ষুব্ধ

মাগুরায় ধর্ষণের শিকার শিশুটি অবশেষে মৃত্যুর কাছে হার মানল। তার নিথর দেহ আমাদের কাছে শুধু একটি হৃদয়বিদারক শোক সংবাদ নয়, বরং আমাদের সমাজের গভীর অসুখের একটি নগ্ন উদাহরণ। একটি শিশুর প্রতি এই বর্বরতা, তার যন্ত্রণা, সম্মিলিত সামরিক হাসপাতালে চিকিৎসকদের সর্বাত্মক চেষ্টা সত্ত্বেও তাকে বাঁচাতে না পারার অসহায়ত্ব-এ সবকিছুই আমাদের ব্যর্থতাকে স্পষ্ট করে। আমরা শোকাহত, ক্ষুব্ধ, কিন্তু সবচেয়ে বড় প্রশ্ন হলো, আমরা কি এই শোককে শুধুই আবেগের জায়গায় সীমাবদ্ধ রাখব, নাকি বাস্তব কোনো প্রতিরোধ ও প্রতিকারের ব্যবস্থা করব? নারী, শিশুকন্যাদের নিরাপত্তা নিশ্চিত করব?

ধর্ষণ এখন আর সমাজের বিচ্ছিন্ন কোনো ঘটনা নয়, এটি একটি ক্রমবর্ধমান ব্যাধি। প্রতিদিন কোথাও না কোথাও কোনো শিশু, কোনো নারী যৌন সহিংসতার শিকার হচ্ছে। কেবল আইন দিয়ে কি এই ব্যাধি দূর করা সম্ভব? সম্ভব নয়, যদি না সমাজের প্রতিটি স্তরে প্রতিরোধ গড়ে তোলা যায়। পরিবার থেকে শুরু করে শিক্ষাপ্রতিষ্ঠান, প্রশাসন থেকে আইন-আদালত-প্রতিটি জায়গায় দায়িত্বশীলতার সঙ্গে ব্যবস্থা নিতে হবে। শিশুদের নিরাপত্তা নিশ্চিত করার জন্য অভিভাবকদের আরও সচেতন হতে হবে। শিক্ষাব্যবস্থার মধ্যে আত্মরক্ষা ও যৌন সহিংসতা সম্পর্কে সচেতনতা তৈরি করতে হবে, সামাজিকভাবে নিপীড়কদের বয়কট করতে হবে। কিন্তু সবচেয়ে জরুরি, বিচারব্যবস্থার সংস্কার।

ধর্ষণ মামলাগুলোতে বিচার হয় দীর্ঘসূত্রতার শিকার, অনেক অপরাধী উপযুক্ত শাস্তি পায় না বা পেলেও এত দেরিতে যে তা দৃষ্টান্ত হিসেবে কাজ করে না। এই বিচারহীনতাই অপরাধীদের উৎসাহিত করে। ধর্ষণের শাস্তি দৃষ্টান্তমূলক না হলে, দ্রুততম সময়ে কার্যকর না হলে, এ ধরনের ঘটনা ঘটতেই থাকবে। মাগুরার ঘটনায় পুলিশ আসামিদের গ্রেপ্তার করেছে, তবে এতেই দায়িত্ব শেষ হয়ে যায় না। এই মামলার দ্রুত বিচার সম্পন্ন করতে হবে, দৃষ্টান্তমূলক শাস্তি নিশ্চিত করতে হবে, যাতে অন্যরা বুঝতে পারে, ধর্ষণ করে পার পাওয়া যাবে না।


ধর্ষণের শিকার ব্যক্তিদের জন্য রাষ্ট্রীয়ভাবে মানসিক ও শারীরিক পুনর্বাসনের ব্যবস্থা করতে হবে। ভুক্তভোগী পরিবারগুলোর জন্য দীর্ঘমেয়াদি সহায়তা নিশ্চিত করতে হবে। প্রশাসনকে আরও দায়িত্বশীল হতে হবে। অভিযোগ জানাতে গিয়ে কেউ যেন হয়রানির শিকার না হয়, সেটাও নিশ্চিত করতে হবে।

নারীর প্রতি সহিংসতার বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তুলতে না পারলে এমন ঘটনা ঘটতেই থাকবে, আর আমরা কেবল শোক প্রকাশ করে যাব। এই চক্র ভাঙতে হবে। ধর্ষণ শুধু একজন ভুক্তভোগীর জীবনে প্রভাব ফেলে না, এটি পুরো সমাজের নিরাপত্তাব্যবস্থাকে ভেঙে দেয়, ন্যায়বিচারের প্রতি মানুষের আস্থা কমিয়ে দেয়। তাই কেবল শোক প্রকাশ নয়, বরং প্রতিরোধের ব্যবস্থা নেওয়াও জরুরি। আমরা চাই, আর কোনো শিশুর মৃত্যু এমন নৃশংসতার কারণে না হোক, কোনো পরিবারকে এমন দুঃসহ শোক বয়ে বেড়াতে না হোক, আর কোনো মা-বাবার সামনে তাঁদের সন্তানকে হারানোর এই বিভীষিকা যেন না আসে। এ জন্যই বিচার চাই, প্রতিরোধ চাই।

সফলতার ২৮ বছর
বাংলা পত্রিকা
যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক থেকে প্রকাশিত ও বহুল প্রচারিত প্রবাসী বাঙালি কমিউনিটির মুখপাত্র সাপ্তাহিক বাংলা পত্রিকা পড়ুন, লেখুন ও আপনার ব্যবসার প্রসারে বিজ্ঞাপন দিন
এ ছাড়াও দেশ ও প্রবাসে সর্বশেষ বস্তুনিষ্ঠ সংবাদ পেতে চোখ রাখুন আমাদের অনলাইন এবং ফেসবুক পেইজে
www.banglapatrikausa.com
Gmail banglapatrikausa@gmail.com

ধর্ষণ প্রতিরোধে রাজনৈতিক সদিচ্ছার অভাব

স্বপ্না রেজা



নারীর প্রতি সহিংসতা যুগ যুগ ধরে চলে আসছে। তার সঙ্গে আছে অধিকার বঞ্চনা। পুরুষতান্ত্রিক সমাজব্যবস্থাপনা ও তার সঙ্গে যুক্ত হওয়া ধর্মীয় গোঁড়ামি নারীকে প্রতি পদে পদে অবদমিত, লাঞ্ছিত করার অন্যতম কৌশল হিসেবে বিবেচিত হয়ে আসছে। ফলে নিপীড়ন, নির্যাতন, ধর্ষণ, হত্যা, বৈষম্য ইত্যাদি নৃশংস ও মর্মান্তিক ঘটনা নারীর জীবনে অহরহ ঘটছে। এটা না বললেই নয় যে নারীর প্রতি সহিংসতা তীব্র আকার ধারণ করার নেপথ্যে যে কারণটি ভয়ংকর রকম ভূমিকা রাখছে সেটা হলো, ধর্ষণ প্রতিরোধে রাজনৈতিক সদিচ্ছার অভাব। একাত্তরের মুক্তিযুদ্ধে বাংলাদেশের যে স্বাধীনতা অর্জিত হয়েছিল, দুঃখজনক হলেও সত্য যে সেই স্বাধীনতা-পরবর্তী সময়গুলোতে ক্ষমতাকেন্দ্রিক রাজনৈতিক চর্চা জনগণের নিরাপত্তা দিতে ও স্বার্থ সংরক্ষিত করতে পারেনি। বরং রাজনৈতিক দল ও রাজনীতিকদের স্বার্থ সংরক্ষিত হয়েছে ঘুরেফিরে। যে দল যখন ক্ষমতায় আসীন হয়েছে, সেই দল কেবল নিজেদের স্বার্থ সংরক্ষণ করে পুনরায় ক্ষমতায় আসীন হওয়ার পাঁয়তারা করেছে। ফলে তাদের ভাগ্য বদলেছে।

সাধারণ জনগণের আর্থসামাজিক নিরাপত্তা কিংবা স্বার্থ, সেই অর্থে সুরক্ষিত হয়নি এহেন রাজনৈতিক অপসংস্কৃতির কারণে। রাষ্ট্রীয় কাঠামোকে রাজনৈতিক অপসংস্কৃতি তিলে তিলে ধ্বংস করেছে। এক কথায়, সাধারণ জনগণ অরক্ষিত থেকে গেছে, যার মধ্যে নারীরা বিশেষভাবে উল্লেখযোগ্য। শিক্ষা, মেধা, জ্ঞান ও যোগ্যতায় নারীরা এগিয়ে গেলেও বৈষম্য তাদের পিছু ছাড়েনি। তার সঙ্গে যুক্ত থেকেছে নিপীড়ন, নির্যাতন, ধর্ষণ ও নৃশংস হত্যাকাণ্ডের মতো ঘটনা। যদিও বিভিন্ন সময়ে অপরাধ রোধে আইন প্রণয়ন হয়েছে কিন্তু তার প্রয়োগ ঘটেনি, ঘটতে দেখা যায়নি সেই অর্থে। ক্ষমতাসীন রাজনৈতিক প্রভাবে ও ছত্রচ্ছায়ায় অধিকাংশ ক্ষেত্রেই অপরাধীরা ছাড় পেয়ে গেছে বারবার। একটা পর্যায়ে রাজনীতি হয়ে ওঠে যাবতীয় অপরাধের আশ্রয়স্থল ও অভয়ারণ্য।

আশি ও নব্বইয়ের দশকে ফতোয়ার মধ্য দিয়ে নারীকে প্রতিহত করার চেষ্টা বেশ জোরালো হয়। গ্রামগঞ্জে, মফস্বলে ফতোয়ার আধিক্য ও প্রচলন সেই সময়ে নারীকে বিভিন্ন কৌশলে বাধাগ্রস্ত করেছে, করেছে নিপীড়িত, নির্যাতিত। সেই সময়ে বেশ কিছু বেসরকারি উন্নয়ন সংস্থা এই প্রতিকূল পরিবেশ থেকে তৃণমূল পর্যায়ের নারীকে সাহসিকতার সঙ্গে বের হতে সহায়তা করেছে, যেটা সম্ভব হয়েছে বিভিন্ন ধরনের সচেতনতামূলক প্রশিক্ষণের মাধ্যমে এবং তাদের সংগঠিত করে। সাধারণত ফতোয়া আরোপ সম্ভব হতো অল্প শিক্ষিত, নিরক্ষর, দরিদ্র নারীদের ওপর। সর্বস্তরের নারীরা তখন সংগঠিত ও একত্র হয়ে ধীরে ধীরে ঘুরে দাঁড়াতে, স্বাবলম্বী ও আত্মনির্ভরশীল হতে শুরু করে।

যদিও নব্বইয়ের দশকের শেষে বড় ফতোয়া ছিল, নারীরা বিজয় উৎসব করতে পারবে না! ব্রাহ্মণবাড়িয়ার ধর্মীয় উগ্রপন্থী তথা মৌলবাদীরা সেই সময়ে এমন ফতোয়া দিলে তৎকালীন মুক্তিযুদ্ধের পক্ষের শক্তি দাবিদার আওয়ামী লীগ সরকার ১৪৪ ধারা জারি করে পরিবেশ-পরিস্থিতি নিয়ন্ত্রণ ও জানমালের নিরাপত্তার অজুহাতে। তারা বেমালুম এড়িয়ে গেল মুক্তিযুদ্ধ এবং তার বিনিময়ে অর্জিত স্বাধীনতা ও সংবিধানের কথা, যেখানে সুস্পষ্টভাবে আছে নারীর অধিকারের বিষয়টি। নারীর অধিকার হরণ করে তার নিরাপত্তা বিধানের বিষয়টি যে ভয়ংকর রকম সাংঘর্ষিক ও স্ববিরোধী এবং আগামীর নারীদের জন্য প্রতিকূল পরিস্থিতির দৃষ্টান্ত হয়ে থাকতে পারে, তৎকালীন আওয়ামী সরকার তা মনে করেনি।

নারী বিজয় উৎসব করতে পারবে না, এমন ফতোয়া ও সরকারের ১৪৪ ধারা ভাঙতে সেই দিন অসংখ্য নারী ও পুরুষ ব্রাহ্মণবাড়িয়ার পথে পা বাড়ায়। অনেক হতাহতের ঘটনা ঘটে। বলা যায় সেই শুরুড় বিভিন্ন উৎসব, উদ্‌যাপনে নারীর অংশগ্রহণে বাধাদান। একে একে পয়লা বৈশাখ উদ্‌যাপনে নারীকে হেনস্তা করা শুরু হয় এবং সেখানেও উৎসব উদ্‌যাপনে নিয়ন্ত্রণের রেখা টেনে দেওয়া হয় নিরাপত্তার অজুহাতে। সব বাধা যে দেশটির নিজস্ব সংস্কৃতি, ঐতিহ্য, কৃষ্টির ওপর, সেটা বুঝবার শক্তি লোপ পেয়েছে ক্ষমতাকেন্দ্রিক রাজনৈতিক চর্চায়।

সমাজ ও রাষ্ট্রে নারীর প্রতি যে সহিংসতার সীমাহীন বিস্তার ও ব্যাপকতা, তার জন্য রাজনৈতিক সদিচ্ছার অভাবকেই দায়ী করা যায়। সব সরকারের আমলেই এই সদিচ্ছার অভাব ও ব্যর্থতা ছিল উল্লেখ করার মতো এবং যার ফলে দিন দিন নারীর প্রতি সহিংসতা বেড়েছে, সেই সঙ্গে সহিংসতার ধরন বদলেছে। ধর্ষকদের থাবা পড়েছে কন্যাশিশুর ওপর। ছাড় পাচ্ছে না সাত মাসের শিশুও। পৈশাচিক উপায়ে শিশুকে ধর্ষণ করা হচ্ছে। কন্যাশিশুদের নিরাপত্তাহীনতার দায় কেউই এড়াতে পারবে না, পারার কথা নয়। সব সরকারের আমলেই ধর্ষকেরা ধরাছোঁয়ার বাইরে থেকে গেছে। তাদের বিচারিক প্রক্রিয়ায় আনা হয়নি। ধর্ষণের পর হত্যা করেও স্রেফ ক্ষমতার দাপট ও প্রভাবে তারা দিব্যি সমাজের মুক্ত বাতাস ও তথাকথিত সম্মানজনক অবস্থানে থেকে গেছে! তাদের দেখে সমাজে নতুন নতুন ধর্ষক পয়দা হয়েছে।

রাজনৈতিক প্রতিশোধ, প্রতিহিংসা চরিতার্থেও গ্যাং রেপের প্রচলন ঘটেছে সমাজে। ধর্ষকেরা রাজনৈতিক পরিচয়ে ছাড় পেয়ে গেছে বারবার। মূল কথা, রাজনৈতিক, সামাজিক ও পারিবারিক প্রতিশোধ, প্রতিহিংসায় নারীর ওপর আঘাতটাই পড়েছে বারবার। আজকের যে পরিস্থিতি বা পরিণতি তা ধর্মীয় ও রাজনৈতিক অপসংস্কৃতিরই ফল। এমন ঘৃণ্য অপরাধকে নির্মূল করতে সেই অর্থে কেউ সচেষ্ট ছিল না, এখনো নেই। অনেকে মনে করেছিল পরিবর্তন বা সংস্কারের লক্ষ্যে যে শাসনব্যবস্থা কায়েম হয়েছে, অন্তত সেখানে ধর্ষণকে কঠোরভাবে প্রতিহত করা হবে। নারীর প্রতি সহিংসতা কমবে। অন্তত নিরাপত্তা নিশ্চিত হওয়ার সম্ভাবনা থাকবে, যেহেতু দলীয় রাজনৈতিক তৎপরতার বিষয়টি এখানে থাকছে না।

কিন্তু প্রত্যক্ষ না হলেও পরোক্ষভাবে রাজনৈতিক আভাস, ইঙ্গিত দেখা গেছে। ছাত্রদের একাংশ তো সরাসরি রাজনৈতিক দলের নাম ঘোষণা করে নির্বাচনে যাওয়ার প্রস্তুতি নিতে শুরু করেছে। কেউ কেউ মনে করে, এমনটি না হলে ভালো হতো। চব্বিশের জুলাইয়ের ভাবগম্ভীর ও মর্যাদা অটুট থাকত। তারা শাসকের জবাবদিহি নিয়ে দেশকে একটা সুন্দর জায়গায় পৌঁছে দিতে পারত। যাহোক, ফ্যাসিবাদের বিরুদ্ধে আপসহীন সময়ে এখন প্রকাশ্যে পথেঘাটে ধর্মীয় আচারবিধির অজুহাতে নারীকে হেনস্তা করা হচ্ছে। নারীর প্রতি বিরূপ আচরণের বহিঃপ্রকাশ ভাইরাল করা হচ্ছে, যেটা অপ্রত্যাশিত এবং সচরাচর দেখা যায়নি ইতিপূর্বে। জনগণের স্বার্থ, কল্যাণ কিংবা নিরাপত্তার চেয়ে দৃষ্টি এখন অন্যত্র, তা কিন্তু বেশ স্পষ্ট। কেউ কেউ সমালোচনা করে বলছে, এমনটি কথা ছিল না; এ তো নতুন আঙ্গিকে ফ্যাসিবাদের পুনরাবৃত্তি ।

উন্নয়ন, পরিবর্তন বা সংস্কারযেটাই বলি না কেনজনগণের নিরাপত্তা, স্বস্তি, শান্তি ছাড়া কখনোই সম্ভব নয়, সম্ভব হয়ওনি। ইতিহাস অন্তত তাই বলে। কন্যাশিশুর নিরাপত্তা নিশ্চিত করা অপরিহার্য। কারণ, আগামীর বাংলাদেশের তারাই জননী, মানব সন্তান উৎপাদনের মূল স্তম্ভ। এই জাতির অস্তিত্ব রক্ষায় কন্যাশিশু ও নারীকে সুরক্ষিত করা ছাড়া বিকল্প কোনো পথ নেই।

লেখক: কথাসাহিত্যিক ও কলাম লেখক



যুদ্ধকালীন আইন পুনরুজ্জীবিত করলেন ট্রাম্প

প্রথম পৃষ্ঠার পর

পেয়েছে দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময়। ওই সময় জাপানি, জার্মান ও ইতালীয় বংশোদ্ভূতদের এই আইনের আওতায় গণহারে বন্দীশিবিরে পাঠানো হয়েছিল। অনেক নাগরিক অধিকার সংগঠন এবং কিছু ডেমোক্র্যাট নেতা এই আইনের পুনর্ব্যবহারের সমালোচনা করেছেন। তাঁদের মতে, এটি মূলত গণ নির্বাসনের একটি হাতিয়ার।

এ আইনের মাধ্যমে ভেনেজুয়েলাভিত্তিক গ্যাং 'ত্রেন দে আরাগুয়া'এর সদস্যদের ফেরত পাঠাতে যুদ্ধকালীন আইন ব্যবহার করতে চান প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। তবে সেই পদক্ষেপে স্থগিতাদেশ দিয়েছেন ফেডারেল আদালতের এক বিচারক। গত শনিবার আদেশটি স্থগিত করেন বিচারক জেমস বোয়াসবার্গ। কিন্তু স্থগিতাদেশের মধ্যেও ভেনেজুয়েলার আড়াই শতাধিক নাগরিককে ডিপোর্টেশন করা হয়েছে শনিবার।

এ আইনের মাধ্যমে বিতাড়নে স্থগিতাদেশ দেওয়া বিচারক বলেছেন, আইনটি শত্রু দেশের দ্বারা সংঘটিত আক্রমণ মোকাবিলার জন্য তৈরি করা হয়েছিল, যা শুধু যুদ্ধের সময় প্রয়োগ হয়। বর্তমান পরিস্থিতিতে এই আইনের ব্যবহার কোনোভাবেই গ্রহণযোগ্য নয়। এই স্থগিতাদেশের কারণে ট্রাম্প আগামী ১৪ দিন নিজের আদেশ বাস্তবায়নে কোনো পদক্ষেপ নিতে পারবেন না।

শনিবারই গ্যাংটির বিরুদ্ধে নানা অপরাধের অভিযোগ এনে তাদের বহিষ্কারের ঘোষণা দেয় হোয়াইট হাউস। ত্রেন দে আরাগুয়া নামের গ্যাংটি যুক্তরাষ্ট্রের বিরুদ্ধে 'গোপনযুদ্ধ' চালাচ্ছে বলে দাবি করছে ট্রাম্প প্রশাসন। তাদের ভাষ্য, গ্যাংটি দেশকে অস্থিতিশীল করতে চাচ্ছে। ট্রাম্পের দাবি, এই গ্যাং যুক্তরাষ্ট্রে অপহরণ, চাঁদাবাজি, সংঘবদ্ধ অপরাধ ও ভাড়াটে খুনের মতো কর্মকাণ্ড চালিয়ে যাচ্ছে। এ ধরনের কার্যকলাপ মার্কিন নাগরিকদের নিরাপত্তার জন্য হুমকিস্বরূপ।

বিশ্লেষকেরা বলছেন, ১৭৯৮ সালের বহিঃশত্রু আইনটি যুদ্ধকালীন পরিস্থিতি সামলানোর জন্য প্রণয়ন করা হয়েছিল। তবে, এটিকে অভিবাসীদের বিরুদ্ধে ব্যবহারের সুযোগ রয়েছে। কিন্তু তা করা হলে অভিবাসীদের আইনগত অধিকার ক্ষুণ্ন করা হবে। আমেরিকান সিভিল লিবার্টিজ ইউনিয়নের (এসিএলইউ) আইনজীবী লি গেলার্ন্ট বলেছেন, 'ট্রাম্প প্রশাসন যা করছে, তা পুরোপুরি আইনবহির্ভূত। আমরা একটা বিপজ্জনক অবস্থায় চলে যাচ্ছি, যেখানে সরকার যুদ্ধকালীন ক্ষমতা অভিবাসন নীতিতে প্রয়োগ করতে চাচ্ছে।'

এদিকে, আদালতের স্থগিতাদেশেরও সমালোচনা করে অ্যাটর্নি জেনারেল পাম বন্ডি স্থগিতাদেশটির কড়া সমালোচনা করে বলেছেন, 'এই রায়ে (বিচারক) বোয়াসবার্গ আমেরিকানদের নিরাপত্তাকে ক্ষুণ্ন করে ত্রেন দে আরাগুয়া গ্যাংয়ের পক্ষে রায় দিয়েছেন। এটি যুক্তরাষ্ট্রে আইনশৃঙ্খলার জন্যও ঝুঁকিপূর্ণ।'

ট্রাম্পের ঘোষণা অনুযায়ী, যুক্তরাষ্ট্রের অবস্থানরত যেসব ভেনেজুয়েলার নাগরিকের বয়স ১৪ বা তার বেশি এবং যারা এই গ্যাংয়ের সদস্য হিসেবে চিহ্নিত হয়েছেন, কিন্তু যুক্তরাষ্ট্রের বৈধ বাসিন্দা নন বা নাগরিকত্ব পাননিড়তারা 'বিদেশি শত্রু' হিসেবে বিবেচিত হবেন। যত দ্রুত সম্ভব তাদের যুক্তরাষ্ট্র থেকে বহিষ্কার করা হবে।

ডিপোর্টেশন ঝুঁকিতে যুক্তরাষ্ট্রের গ্রীনকার্ডধারীরা!

প্রথম পৃষ্ঠার পর

এতে যে কোন গ্রীনকার্ডধারীর বিরুদ্ধে ফৌজদারী বা ক্রিমিনাল চার্জ না থাকলেও ডিপোর্টের শিকার হতে পারেন, এমন ধারণা ইমিগ্রেশন বিশেষজ্ঞদের।

যুক্তরাষ্ট্রের ভাইস প্রেসিডেন্ট জে ডি ভ্যান্স বলেছেন, গ্রিনকার্ড থাকলেই কারও অনির্দিষ্টকালের জন্য আমেরিকায় থাকার অধিকার নেই।

শুধু তা-ই নয়, আমেরিকায় জন্মগত নাগরিকত্ব আইন বদল নিয়ে আইনি লড়াই চালাচ্ছেন ট্রাম্প। সেই আবহেই আমেরিকার অভিবাসন নীতিতে বড় বদলের পরিকল্পনা করছে প্রশাসন।

গণমাধ্যমে প্রকাশিত প্রতিবেদনের তথ্যমতে, বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ফিলিস্তিনপন্থী বিক্ষোভে নেতৃত্বদানের অভিযোগে গ্রেপ্তার কলোম্বিয়া বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী মাহমুদ খলিলের যুক্তরাষ্ট্রের গ্রীণকার্ড বাতিল করে ডিপোর্ট করার ঘোষণা দিয়েছে ফেডারেল সরকার। যদিও সোমবার নিউইয়র্কের ফেডারেল আদালতের বিচারক শুনানির জন্য খলিলের এ ডিপোর্টেশন সাময়িক স্থগিতাদেশ দিয়েছেন। খলিল যুক্তরাষ্ট্রের গ্রীণকার্ডধারী ও তার স্ত্রী আমেরিকান নাগরিক। তার গ্রীণকার্ড বাতিলে ফেডারেল সরকারের প্রক্রিয়া দেখে ইমিগ্রেশন বিশেষজ্ঞরা মনে করছেন, ক্রিমিনাল চার্জ না থাকা সত্ত্বেও যেকোন গ্রীনকার্ডধারীর কার্ড বাতিল করে যুক্তরাষ্ট্র থেকে বহিস্কার করতে পারে ফেডারেল সরকার।

এনবিসি নিউজে দেয়া স্বাক্ষাতকারে নিউইয়র্ক বিশ্ববিদ্যালয়ের আইনের অধ্যাপক ও ইমিগ্রেশন বিশেষজ্ঞ অ্যাডাম কক্স বলেন, গ্রীনকার্ডধারী ব্যক্তির ছোট অপরাধে কিংবা দেশের বিশেষ পরিস্থিতিতে অসমর্থনযোগ্য নির্দিষ্ট আচরণের জন্য ফেডারেল সরকার কর্তৃক ঐ গ্রীনকার্ডধারীর কার্ড বাতিলসহ বহিস্কারের অনুমতি আছে ইমিগ্রেশন আইনে। কিন্তু সেটি স্পষ্ট না। ইমিগ্রেশন পলিসি প্রোগ্রামের নীতি বিশ্লেষক ক্যাথলিন বুশ-জোসেফ এর মতে, গ্রীনকার্ডধারীদের আইনী সুরক্ষা পাওয়ার অধিকার থাকলেও ফেডারেল সরকারের বিবেচনার উপর সেটি নির্ভর করে।

এদিকে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের ভিতর ওয়ারেন্ট ছাড়া আইস এর হাতে খলিলের গ্রেপ্তার নিয়ে উদ্বেগ প্রকাশ করেছে ইমিগ্র্যান্ট রাইটস এর অ্যাডভোকেসি সংগঠনগুলো। তাদের দাবি শুধু ইসরাইলপন্থী হওয়ায় গ্রীনকার্ড থাকা সত্ত্বেও বহিষ্কারের মুখে মাহমুদ খলিল। ট্রাম্প প্রশাসনের ফেডারেল সরকার সামান্যতম কারণ দেখিয়ে গ্রীনকার্ডধারীর কার্ড বাতিল ও বহিস্কারের মতো অমানবিক কার্যক্রম চালাতে পারে। ফক্স নিউজকে দেওয়া সাক্ষাৎকারে ভাইস প্রেসিডেন্ট বলেন, একজন গ্রিনকার্ডধারী অনির্দিষ্টকালের জন্য যুক্তরাষ্ট্রে থাকতে পারে না।

ডিপোর্টেশন টার্গেটে ফিলিস্তিনপন্থী শিক্ষার্থীরা

প্রথম পৃষ্ঠার পর

বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের বিদেশী শিক্ষার্থী যারা 'গাজা যুদ্ধবিরোধী' বিক্ষোভে অংশ নিয়েছিলেন তাদেরকে গ্রেপ্তার ও বহিষ্কারে অভিযানে নেমেছে হোমল্যান্ড সিকিউরিটির আইন প্রয়োগকারী সংস্থা। এমনকি ফিলিস্তিনপন্থী শিক্ষার্থী গ্রীনকার্ডধারী হলেও তাকে এদেশ থেকে বহিষ্কারের নির্দেশ ট্রাম্প প্রশাসনের।

এদিকে নিউইয়র্কের কলম্বিয়া বিশ্ব বিদ্যালয়ের শিক্ষার্থী মাহমুদ খলিলকে গ্রেপ্তারের পর আরো এক শিক্ষার্থীকে ক্যাম্পস থেকে গ্রেপ্তারের ঘটনায় এবং ফিলিস্তিনপন্থী শিক্ষার্থীদের বহিষ্কারে কলম্বিয়া বিশ্ব বিদ্যালয়ের সিদ্ধান্তের ঘোষণায় স্টুডেন্টদের মধ্যে এ আতংক আরো বৃদ্ধি পেয়েছে।

এমন আতংকে ভারতীয় বংশোদ্ভুত এক নারী শিক্ষার্থী যুক্তরাষ্ট্র থেকে সেলফ ডিপোর্টেশন গ্রহণ করেছেন।

নিউইয়র্ক টাইমস, এনওয়াই পোস্টসহ একাধিক গণমাধ্যমের প্রকাশিত প্রতিবেদনে জানা গেছে, 'গাজা যুদ্ধবিরোধী' বিক্ষোভে জড়িত থাকার অভিযোগে গ্রেপ্তারকৃত কলম্বিয়া বিশ্ব বিদ্যালয়ের শিক্ষার্থী মাহমুদের নির্বাসন সাময়িক স্থগিত করেছেন ফেডারেল বিচারক। গত ১০ মার্চ সোমবার নিউইয়র্কের ম্যানহাটনের ফেডারেল আদালতের বিচারক কলম্বিয়া বিশ্ব বিদ্যালয়ের শিক্ষার্থী মাহমুদ খলিলকে যুক্তরাষ্ট্র থেকে বহিষ্কার না করা হয় সেজন্য সাময়িক স্থগিতাদেশ দেন। মাহমুদ খলিল বর্তমানে লুসিয়ানার একটি ইমিগ্রেশন কারাগারে বন্দি আছেন। সোমবার তাঁর আইনজীবিরা ম্যানহাটনের ফেডারেল আদালতে খলিলকে আটকের বিরুদ্ধে চ্যালেঞ্জ করে মামলা করেন। এর প্রেক্ষিতে বিচারক খলিলের মামলা বিবেচনা ও শুনানী করার সময় যাতে তাঁকে নির্বাসন না দেওয়ার নির্দেশ দিয়েছেন। বুধবার মামলার পরবর্তী শুনানীতে খলিলের সাথে তার আইনজীবিদের টেলিফোনে স্বাক্ষাতের নির্দেশন দেন বিচারক।

খলিল যুক্তরাষ্ট্রের গ্রীণকার্ডধারী ও তার স্ত্রী আমেরিকান নাগরিক। মাহমুদ খলিলের যুক্তরাষ্ট্রের গ্রীণকার্ড বাতিল করে ডিপোর্ট করার ঘোষণা দিয়েছে ফেডারেল সরকার।

এর আগে ইহুদি বিদ্বেষের অভিযোগে রোববার তাকে কলম্বিয়া বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসের এপার্টমেন্ট থেকে আটক করে আইস। খলিলের আইনজীবিরা জানান, যুক্তরাষ্ট্রে স্থায়ীভাবে বসবাসকারী একজন ব্যক্তিকে বহিষ্কার করার জন্য নির্দিষ্ট ধরনের অপরাধের জন্য দোষী প্রমাণ করতে হয়। খলিলের বিরুদ্ধে গত বছর বিশ্ববিদ্যালয়ে ক্যাম্পাসের অস্থিরতার সময় তার কার্যকলাপের জন্য কোনও অপরাধের অভিযোগ নির্দিষ্টভাবে দেখানো হয়নি।

গত বৃহস্পতিবার একই অভিযোগে কলম্বিয়া বিশ্ববিদ্যালয়ের আরেক শিক্ষার্থীকে গ্রেপ্তার করেছে আইস। তাকে ডিপোর্টেশন প্রক্রিয়ায় রাখা হয়েছে। এমন আতংকে রঞ্জনা শ্রিনিবাসন নামে ভারতীয় এক শিক্ষার্থী শুক্রবার নিজ থেকে যুক্তরাষ্ট্র ত্যাগ করেছেন। তিনি ২০১৬ সালে কলোম্বিয়া বিশ্ব বিদ্যালয়ে শিক্ষার্থী হিসেবে যুক্তরাষ্ট্র আসেন। কিন্তু ২০২২ সালে তাঁর ভিসার মেয়াদ শেষ হয়ে যায়। গত বছর 'গাজা যুদ্ধবিরোধী' বিক্ষোভে অংশ নেয়ার অভিযোগে পুলিশের কাছে আটক হয়েছিলেন রঞ্জনা।

নিউইয়র্কের একটি বিশ্ব বিদ্যালয়ের বিদেশী শিক্ষার্থীকে নজরদারীতে রেখেছে। তাঁর বিরুদ্ধে ইহুদী এক নারী হেনস্তার অভিযোগ এনেছিলেন। কিন্তু প্রাথমিকভাবে সে অভিযোগ প্রমাণিত হয়নি। পরবর্তীতে ঐ ইহুদী নারী আদালতে মামলা দেন। আদালতে বিদেশী শিক্ষার্থীর শুনানী চলছে। তবে সে আইনী সহায়তার অভাবে ভিসা বাতিলের ঝুঁকিতে রয়েছে।

অপরদিকে ফিলিস্তিনের প্রতি সংহতি জানিয়ে ইসরাইলের গাজা হামলার বিরুদ্ধে বিক্ষোভে অংশ নেওয়া শিক্ষার্থীদের বহিস্কার সহ বিভিন্ন সিদ্ধান্ত নিয়েছে নিউইয়র্কের কলাম্বিয়া বিশ্ববিদ্যালয়। সাথে নেয়া হয়েছে আরো বেশ কিছু শাস্তিমূলক সিদ্ধান্ত। যার মধ্যে রয়েছে- বিশ্ববিদ্যালয়ের শৃঙ্খলা সংক্রান্ত ক্ষমতা কেন্দ্রীভূত করে প্রেসিডেন্টের হাতে তুলে দেওয়া, আন্দোলনে অংশগ্রহণকারীদের জন্য মুখোশ পরা নিষিদ্ধ করা, মধ্যপ্রাচ্য, দক্ষিণ এশীয় ও আফ্রিকান স্টাডিজ বিভাগ পুনর্গঠন করা এবং ইহুদিবিদ্বেষ সংক্রান্ত আন্তর্জাতিক জোট আইএইচআরএ -এর সংজ্ঞা গ্রহণ করা। এপি নিউজের প্রতিবেদনে এসব তথ্য উঠে এসেছে।

শিক্ষার্থী সংগঠকদের দাবি, কমপক্ষে ২২ জন শিক্ষার্থী এই সিদ্ধান্তের শিকার হয়েছেন। এদের মধ্যে স্টুডেন্ট ওয়ার্কার্স অব কলাম্বিয়া (এসডব্লিউসি) ইউনিয়নের সভাপতি গ্রান্ট মাইনারকেও বহিষ্কার ও চাকরিচ্যুত করা হয়েছে, যা তার চুক্তি নবায়নের আলোচনার ঠিক আগে ঘটে। এসডব্লিউসি এই সিদ্ধান্তকে অনভিপ্রেত পদক্ষেপ বলে অভিহিত করেছে এবং দাবি করেছে যে, এটি গাজায় যুদ্ধবিরোধী আন্দোলন দমনের অংশ। এই পদক্ষেপ যুক্তরাষ্ট্রের বিশ্ববিদ্যালয়গুলোতে বাকস্বাধীনতা দমনের বৃহত্তর নীতির অংশ, এসডব্লিউসি তাদের বিবৃতিতে জানায়। এটি এমন এক সময়ে করা হলো, যখন ফেডারেল সরকার কলাম্বিয়ার অর্থায়ন স্থগিত করেছে এবং আরও ৬০টি বিশ্ববিদ্যালয়ের তহবিল বাতিলের হুমকি দিয়েছে।

কঠোর শাস্তিমূলক ব্যবস্থার মধ্যে আরো রয়েছে- আন্দোলনে অংশগ্রহণকারীদের জন্য মুখোশ পরা নিষিদ্ধ করা ও মধ্যপ্রাচ্য, দক্ষিণ এশীয় ও আফ্রিকান স্টাডিজ বিভাগ পুনর্গঠন করা। সমালোচকদের মতে, আইএইচআরএ-এর সংজ্ঞা গ্রহণের ফলে ইসরাইলবিরোধী সমালোচনা দমন করা হবে এবং একাডেমিক স্বাধীনতা ক্ষতিগ্রস্ত হবে। সংস্থাটির সংজ্ঞার ১১টি উদাহরণের মধ্যে সাতটি ইসরাইলবিরোধিতাকে ইহুদিবিদ্বেষের সঙ্গে এক করে দেখে, যা বাকস্বাধীনতার ওপর নেতিবাচক প্রভাব ফেলতে পারে। এমনকি সংজ্ঞাটির রচয়িতা কেনেথ স্টার্নও একে সমালোচনা করেছেন। কলাম্বিয়ার শিক্ষার্থীরা দাবি করেছে, এই সংজ্ঞার উদাহরণগুলো বিশ্ববিদ্যালয়ে তাদের মত প্রকাশের স্বাধীনতা সীমিত করে দেবে এবং তারা ইসরাইলের নীতির সমালোচনা করতে গেলে শাস্তির মুখে পড়তে পারেন।

বিক্ষোভ

কলম্বিয়া বিশ্ববিদ্যালয়ে ফিলিস্তিনপন্থী বিক্ষোভের কারণে আটক হওয়া ছাত্রনেতা মাহমুদ খলিলসহ সব শিক্ষার্থীর মুক্তি চেয়ে ওয়াশিংটন ডিসি এবং নিউইয়র্ক সিটিতে বিক্ষোভ অনুষ্ঠিত হয়েছে। শনিবার ওয়াশিংটন ডিসিতে অবস্থিত ইমিগ্রেশন অ্যান্ড কাস্টমস এনফোর্সমেন্ট (আইস) এর সদর দপ্তরের বাইরে বিক্ষোভকারীরা জড়ো হন। তারা রাস্তায় নেমে মাহমুদ খলিলের মুক্তির দাবিতে স্লোগান দিতে থাকেন। এছাড়া নিউ ইয়র্ক সিটির টাইমস স্কয়ারে ও বিক্ষোভ অনুষ্ঠিত হয়েছে। সেখানে বিক্ষোভকারীরা কলম্বাস সার্কেলের দিকে মিছিল করে খলিলের মুক্তির দাবি করেন। ট্রাম্প প্রশাসন খলিলের বিরুদ্ধে 'হামাসের সঙ্গে সম্পৃক্ত কার্যকলাপে' জড়িত থাকার অভিযোগ করেছে। যদিও এর সাপেক্ষে কোনো প্রমাণ দেখানো হয়নি।



৫০ দিনে যেভাবে বিশ্বকে কাঁপিয়ে দিলেন ট্রাম্প

বাংলা পত্রিকা ডেস্ক: মাত্র ৫০ দিন সময়ে প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প তাঁর আগের যে কোনো উত্তরসূরির চেয়ে প্রতিষ্ঠিত আন্তর্জাতিক নিয়মের ভিতে বেশি নাড়া দিয়েছেন। দ্বিতীয় বিশ্বযুদ্ধে বিজয় লাভের পর ৮০ বছরে এ ভিত অনেক কষ্টে গড়ে তোলে যুক্তরাষ্ট্র।

দিক পরিবর্তনের আনুষ্ঠানিক ঘোষণা না দিয়ে বা কোনো নৈতিক কৌশল তুলে না ধরেই তিনি ইউক্রেন যুদ্ধে পক্ষাবলম্বন করেন এবং আগ্রাসনকারীকে সমর্থন করেন। তিনি মস্কোকে আগ্রাসনকারী আখ্যা দিয়ে জাতিসংঘের আনা প্রস্তাবে যুক্তরাষ্ট্রের ঐতিহ্যগত মিত্রের বিরুদ্ধে গিয়ে রাশিয়া ও উত্তর কোরিয়ার পক্ষে ভোট দিতে দ্বিধা করেননি।

মঙ্গলবার দ্য নিউইয়র্ক টাইমসের প্রতিবেদনে এসব কথা বলা হয়েছে। এতে বলা হয়, ট্রাম্প প্রেসিডেন্ট হওয়ার পর পানামা খাল, গ্রিনল্যান্ড, গাজা ও সবচেয়ে উল্লেখযোগ্য যেটি- কানাডার নিয়ন্ত্রণ নেওয়ার হুমকি দিয়েছেন। গত মঙ্গলবার তিনি দাবি করেন, যুক্তরাষ্ট্রের উত্তরের মিত্রের (কানাডা) সঙ্গে সীমান্ত মূলত একটি 'বিভেদের কৃত্রিম রেখা'। ওভাল অফিসে প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কির সঙ্গে তাঁর বাগ্বিতণ্ডার পর তিনি ইউক্রেনে অস্ত্র, এমনকি মার্কিন বাণিজ্যিক স্যাটেলাইট চিত্র পাঠানোও বন্ধ করে দেন।

ট্রাম্প মার্কিন অর্থনীতির জন্য 'জোঁক' আখ্যা দিয়ে মিত্রদের ওপর করারোপ করেছেন। সেই সঙ্গে ন্যাটোর আস্থা অত্যন্ত গভীরভাবে নষ্ট করেছেন। এ প্রেক্ষাপটে ফ্রান্স তাদের পারমাণবিক ছাতা পুরো ইউরোপে ছড়িয়ে দেওয়ার কথা ভাবছে।



যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট হিসেবে শপথ নেন ডোনাল্ড ট্রাম্প

পোল্যান্ড নিজস্ব পারমাণবিক অস্ত্র তৈরির কথা ভাবছে। এ দুই দেশই যুক্তরাষ্ট্রকে আর চূড়ান্ত সুরক্ষাদাতা মনে করছে না। যখন ন্যাটো চুক্তি হয়, তখন কেন্দ্রে ছিল এ সুরক্ষার বিষয়টি।

বিবিসি জানায়, যুক্তরাষ্ট্রের শিক্ষাবিষয়ক দপ্তর তাদের প্রায় অর্ধেক জনবল ছাঁটাইয়ের পরিকল্পনা করছে। কেন্দ্রীয় সরকারের আকার কমাতে ট্রাম্প প্রশাসন এ উদ্যোগ নিতে যাচ্ছে। এ পরিকল্পনার আওতায় শিক্ষা দপ্তরের প্রায় ২ হাজার ১০০ কর্মী ছাঁটাইয়ের মধ্যে পড়তে পারেন। ট্রাম্প অনেক দিন থেকেই শিক্ষা দপ্তরকে বিলুপ্ত করতে চাইছেন। তবে শিক্ষা দপ্তরকে বিলুপ্ত করতে কংগ্রেসের অনুমোদন নিতে হবে।

বুধবার এনডিটিভি জানায়, শুল্ক নিয়ে আবারও ভারতের সমালোচনা করেছেন প্রেসিডেন্ট ট্রাম্প। সম্প্রতি তিনি জানান, মার্কিন পণ্যের ওপর শুল্ক কমানোর কথা দিয়েছে ভারত। এরই মধ্যেই শুল্ক নিয়ে আরেকবার দিল্লিকে নিশানা করেছে ওয়াশিংটন।

কানাডার ওপর ৫০ শতাংশ শুল্কের ঘোষণা প্রত্যাহার

রয়টার্স জানায়, কানাডার ওপর মার্কিন প্রেসিডেন্টের শুল্ক আরোপ নিয়ে পরস্পরবিরোধী ঘোষণায় আর্থিক বাজারে অস্থিরতা দেখা দিয়েছে। মঙ্গলবার এক ঘোষণায় কানাডার ইস্পাত ও অ্যালুমিনিয়ামের ওপর শুল্ক দ্বিগুণ করে ৫০ শতাংশে উন্নীত করার কথা জানান তিনি। তবে কয়েক ঘণ্টা পরই এ সিদ্ধান্ত থেকে সরে আসে যুক্তরাষ্ট্র।

ইউএসএআইডির নথি ধ্বংসের নির্দেশ

মার্কিন উন্নয়ন সংস্থা ইউএসএআইডির বিপুল নথিপত্র ধ্বংসের আদেশ দিয়েছেন সংস্থাটির এক কর্মকর্তা। মঙ্গলবার আদালতে দায়েরকৃত অভিযোগে এ দাবি তোলা হয়। মার্কিন সরকারি কর্মীদের ইউনিয়নের পক্ষ থেকে ওয়াশিংটন ডিসির ফেডারেল আদালতে এ অভিযোগ দায়ের করা হয়।

নাসার প্রধান বিজ্ঞানী বরখাস্ত, ছাঁটাইয়ের ইঙ্গিত

বুধবার এএফপি জানায়, নাসা মঙ্গলবার ঘোষণা করেছে, সংস্থার প্রধান বিজ্ঞানীসহ আরও কয়েকজনকে বরখাস্ত করা হয়েছে, যা প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের আদেশ বাস্তবায়নের অংশ হিসেবে নেওয়া হয়েছে।

এ'সেলফ ডিপোর্টেশন' অ্যাপ চালু

যুক্তরাষ্ট্রে অবৈধভাবে থাকা অভিবাসীদের সম্ভাব্য গ্রেপ্তার ও আটকের মুখোমুখি হওয়ার পরিবর্তে নিজ থেকে প্রত্যাবর্তনের সুযোগ দিতে একটি অ্যাপ চালু করেছে ট্রাম্প প্রশাসন।

NUR BEPARY AUTO REPAIR & BODY SHOP, INC.

COMPLETE BODY REPAIR

একটি বাংলাদেশী প্রতিষ্ঠান

Nur Bhai
President
718-551-1405



OPEN 24 HOURS

35-44, 61st Street
Woodside, NY 11377
Tel: 718-898-0052

ফার্মেসী PHARMACY & SURGICAL STORE

Free Diabetic machine | সীমিত সময়ের জন্য 15% Off | Vitamins, Nutrition & Homeopathic

একই সাথে এখানে পাচ্ছেন ◆ ঔষধপত্র, মেডিক্যাল ও সার্জিক্যাল যন্ত্রপাতি। ◆ বিউটি এবং কসমেটিক্স। ◆ ইলেকট্রনিক্স, গৃহস্থালী মণিহারী, খেলনা সামগ্রী ও স্কুল সাপ্লাই।
আমরা ২৫ বছরের বেশি সময় ধরে নিষ্ঠার সাথে কমিউনিটিকে সেবা দিয়ে আসছি। সুতরাং আজই আসুন আপনার সুবিধামত অবস্থানে।
আমরা Medicade, Medicare Part D, Worker compensation সহ ইন্স্যুরেন্স প্লান গ্রহণ করি।

ASTORIA PHARMACY
30-14 30th Ave. Astoria, NY 11102
Ph: 718-278-3772
e-mail: rph@astoriapharmacy.com
www.astoriapharmacy.com

JACKSON HEIGHTS PHARMACY
71-34 Roosevelt Ave. Jackson Heights, NY 11372
Ph: 718-779-1444
e-mail: rph@jacksonheightspharmacy.com
www.jacksonheightspharmacy.com

LONG ISLAND CITY CHEMISTS
30-12 36th Ave. Long Island City, NY 11106
Ph: 718-392-8049
e-mail: licchem@yahoo.com
www.drugcabinet.com

OPEN
10 am - 10 pm
Monday to Friday
Saturday
10 am - 5 pm

এস্টোরিয়ার ওয়ালফেয়ার সোসাইটির ইফতার মাহফিল

শেষ পৃষ্ঠায় পর

ও মওলানা হাফিজ ইশরাক আহমদ।

অনুষ্ঠানে অতিথি ছিলেন স্টেট সিনেটর ও সিটির আগামী মেয়র নির্বাচনে ডেমোক্র্যাট দলীয় প্রাইমারীতে মেয়র পদপ্রার্থী জেসিকা রামোস, সিটির আগামী নির্বাচনে জজ পদে প্রার্থী এটর্নী মি. থমাস এস ফার্নেন্দাজ, আল আমিন জামে মসজিদ এন্ড ইসলামিক সেন্টারের সভাপতি মোহাম্মদ শাহাব উদ্দিন, বাংলা পত্রিকা'র সম্পাদক ও টাইম টেলিভিশনের সিইও আবু তাহের, মৌলভীবাজার ডিস্ট্রিক্ট সোসাইটির সভাপতি সোহান আহমেদ টুটুল, সাবেক সভাপতি তজমুল হোসেন, বিশিষ্ট কমিউনিটি এক্টিভিস্ট আবু তালেব চৌধুরী চান্দু, নিউইয়র্ক প্যারেসবেটিরিয়ান হাসপাতালের ইঞ্জিনিয়ার এম রহমান সায়েম, সাংবাদিক রতন তালুকদার, সাঈদ তারেক, কুলাউড়া বাংলাদেশী এসোসিয়েশন ইউএসএ'র সাবেক সভাপতি শাহেদ চৌধুরী, বিশিষ্ট ব্যবসায়ী এস্টোরিয়া ডিজিটাল ওয়ানের কর্ণধার নজরুল ইসলাম, বিশিষ্ট কমিউনিটি এক্টিভিস্ট জাহিদ হোসেন প্রমুখ।

ইফতার পূর্ব সভায় সিনেটর জেসিকা রামোস তার পক্ষ থেকে কমিউনিটির কল্যাণে কাজ করার স্বীকৃতিস্বরূপ এস্টোরিয়া ওয়লেফেয়ার সদস্যদের সম্মাননা প্রদান করেন। সাধারণ সম্পাদক জাবেদ উদ্দিনকে প্রক্লোমেশন স্মারক প্রদান করেন জেসিকা রামোস।

সংগঠনের কর্মকর্তাদের মধ্যে উপদেষ্টা এমাদ আহমেদ, চৌধুরী সালেহ, হাজী আব্দুর রহমান, সভাপতি সোহেল আহমদ, সহ সভাপতি কয়েছ আহমদ, সাধারণ সম্পাদক জাবেদ উদ্দিন, সহ সাধারণ সম্পাদক মইনুল হক চৌধুরী, কোষাধ্যক্ষ এমদাদ রহমান তরফদার, সদস্য মীর জাকির, শাহীন হাসনাত, মোহাম্মদ নূরুল হক, আবু সোলেমান, জহিরুল হক চৌধুরী, আনোয়ার হোসেন।

এছাড়াও উপস্থিত ছিলেন, সাফায়েত খান, আব্দুর রহিম, হাবিবুর রহমান, সাদেক জসিম আহমদ, সাংবাদিক ইকবাল মাহমুদ, আমীর আলী, আল আমিন (জিলা), মিসবাউর রহমান, কামাল হোসেন, ১১৪তম প্রিসেন্ট এর এনওয়াইপিডি কমর্কর্তা মি. টোবার, ব্যবসায়ী মনিরুজ্জামান, মোস্তফা আলমগীর।

সংগঠনের পক্ষ থেকে সভাপতি সোহেল আহমদ ও সাধারণ সম্পাদক জাবেদ উদ্দিন ইফতার মাহফিলে উপস্থিত অতিথিসহ সকলকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করেন।

















বাংলাদেশে কি উগ্রবাদী শক্তি উত্থান হচ্ছে?

৩-এর পৃষ্ঠায় পর

এসব মিছিল থেকে ফিলিস্তিনে গণহত্যা বন্ধ, ইসলামের নবীকে কটূক্তির প্রতিবাদ, কিংবা ইসলামি খেলাফত কায়েমেরও দাবি তুলতে দেখা যায়। এসব ছবি ফেসবুক বা সামাজিক যোগাযোগ মাধ্যমে যারা শেয়ার করছেন, তাদের কেউ কেউ দাবি করছেন, এই পতাকা ইসলামি জঙ্গিগোষ্ঠীর। বাংলাদেশে ইসলামি খেলাফত কায়েম করতেই তারা এই পতাকা নিয়ে মিছিল বলে দাবি করা হয়। তবে আরেকটি পক্ষ এটিকে সন্দেহের চোখে দেখছেন। তাদের মনে করছেন, কোনো রাজনৈতিক ইন্ধনে এসব করা হয়ে থাকতে পারে। যারা কালো পতাকা নিয়ে মিছিল করছে, তাদের উদ্দেশ্য নিয়েও প্রশ্ন করছেন অনেকে।

মানবাধিকার কর্মী ও গুম কমিশনের সদস্য নূর খান লিটন বলেন, ''আইন-শৃঙ্খলা বাহিনী ঘুরে দাঁড়িয়েছে- সেকথা বলার সুযোগ এখনো হয়নি। উগ্রবাদী রাজনীতি যারা ধারণ করে, তারা এই সময়কে তাদের মতো করে কাজে লাগাতে চায়। কাজে লাগাতে চায় বলেই দেখতে পাবেন, বিভিন্ন জনসমাবেশের ভেতরে তাদের পতাকা প্রদর্শন করছে। এই পতাকার সঙ্গে ওই সমাবেশের কোনো সম্পর্ক নেই। কয়েকজন মানুষ এটা করছে। সাম্প্রতিক সময়ে হিযবুত তাহরীরের সমাবেশ থেকে বোঝা যাচ্ছে, তারা প্রকাশ্যে আসার চেষ্টা করছে। সেক্ষেত্রে সরকারকে কঠোর সিদ্ধান্ত নিতে হবে।''

রাজনৈতিক পট পরিবর্তনের পর নিষিদ্ধঘোষিত জঙ্গি সংগঠন আনসারুল্লাহ বাংলা টিম (এবিটি)-র প্রধান মুফতি জসিম উদ্দীন রাহমানী কারাগার থেকে মুক্তি পান। তিনি ব্লগার রাজীব হায়দার হত্যা মামলার পাঁচ বছরের কারাদণ্ডপ্রাপ্ত আসামি ছিলেন। সেই সাজা ভোগ করা হয়ে গেছে। তবে তার বিরুদ্ধে আরো পাঁচটি মামলা বিচারাধীন রয়েছে। সেগুলোতে তিনি জামিন পেয়েছেন।

বাংলাদেশে কারাগার থেকে জঙ্গিদের জনস্রোতে মিশে যাওয়ার ঘটনাও ঘটেছে:

২০২৪ সালের ৭ আগস্ট গাজীপুরের কাশিমপুর হাইসিকিউরিটি কারাগারে বিক্ষোভের সময়



প্রকাশ্য ঘোষণা দিয়ে 'মার্চ ফর খেলাফত' কর্মসূচি পালন করে নিষিদ্ধ সংগঠন হিজবুত তাহরীর। ছবি: ডয়চে ভেলে

কারারক্ষীদের জিম্মি করে ২০৯ জন বন্দি পালিয়ে যান। বন্দি পালানো ঠেকাতে গুলি ছোঁড়েন কারারক্ষীরা। এতে ছয় জন নিহত হয়। নিহতদের মধ্যে তিন জঙ্গিও ছিল। তিনজনই গুলশানে হোলি আর্টিজান বেকারিতে জিম্মি করে হত্যা মামলার মৃত্যুদণ্ড ও যাবজ্জীবন কারাদণ্ডপ্রাপ্ত আসামি ছিলেন। পালিয়ে যাওয়া ২০৯ জনের মধ্যেও বেশ কয়েকজন জঙ্গি সদস্য রয়েছে বলে কারাসূত্র জানিয়েছে। কাশিমপুর হাইসিকিউরিটি কারাগার থেকে পালানো জঙ্গিদের মধ্যে ২৭ জনকে এখনো গ্রেপ্তার করা সম্ভব হয়নি বলে জানা গেছে।

তার আগে ২০২৩ সালের ২০ জুলাই নরসিংদী জেলা কারাগারে হামলা চালিয়ে ভাংচুর ও অগ্নিসংযোগ করে ৯ জঙ্গিকে ছিনিয়ে নিয়ে যায় তাদের সহযোদ্ধারা। ৭ জনের মধ্যে ৪ জনকে গ্রেপ্তার করা হয়েছে। কারা মহাপরিদর্শক ব্রিগেডিয়ার জেনারেল সৈয়দ মোতাহের হোসেন বলেছেন, জেলখানা থেকে পালানো ৯৮ জঙ্গির ৭০ জনই সাজাপ্রাপ্ত, যাদের বেশিরভাগকে ফের গ্রেপ্তার করা হলেও ২৭ জন এখনো অধরা থেকে গেছে।

বাংলাদেশের কমিউনিষ্ট পার্টির সাধারণ সম্পাদক রুহিন হোসেন প্রিন্স বলেন, ''আমরা যে একটা গণঅভ্যুত্থান সংগঠিত করলাম, এর শেষ দিকে এসে আমরা দেখলাম, উগ্র সাম্প্রদায়িক শক্তি এতে একটা বিশেষ প্রভাব রেখেছে। পরে দেখলাম, নারীর প্রতি বিদ্বেষ থেকে শুরু করে বিভিন্ন বিষয়ে সরকার কোনো ব্যবস্থা নিলো না। প্রকারান্তরে মনে হয়েছে, অনেক জায়গায় তারা প্রশ্রয় দিয়েছে। এর ফলে উগ্রবাদী শক্তি ও নারী বিদ্বেষী শক্তি, এমনকি যারা মুক্তিযুদ্ধের ইতিহাসকে অস্বীকার করে, তারা প্রভাবশালী হয়ে দাঁড়িয়েছে। কিন্তু আমি এটাও দেখি, মুক্তিকামী মানুষ এদের বিরুদ্ধে রুখে দাঁড়াচ্ছে। এটা আমাদের জন্য আশার খবর।''

সারা দেশে নারী হেনস্তার ঘটনায় উদ্বেগ প্রকাশ করে এসব ঘটনায় উগ্রবাদী গোষ্ঠীর মদদ থাকতে পারে বলে আশঙ্কা প্রকাশ করেছেন বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী। তিনি বলেন, দেশের অগ্রগতি ও উন্নয়নের পথে যেন জঙ্গিবাদ মাথাচাড়া দিয়ে উঠতে না পারে। তিনি বলেন, নিষিদ্ধ সংগঠন কীভাবে মিছিল করে, তা সরকারকে গুরুত্বের সাথে দেখতে হবে। সরকারকে লক্ষ্য রাখতে হবে, দেশে যেন অশুভ শক্তির উদয় না হয়। ক্যাম্পাসে মেয়েদের পোশাক নিয়ে উগ্রবাদী গোষ্ঠী কাজ করছে। বর্হিবিশ্বে বাংলাদেশকে অতি রক্ষণশীল দেশ হিসেবে পরিচিত করার গভীর ষড়যন্ত্রের অংশ হিসাবে উগ্রবাদী গোষ্ঠীর মদদে নারী হেনস্তার ঘটনা ঘটছে।

সাম্প্রতিক সময়ে নারীর প্রতি সহিংসতা এবং রাস্তার নারীকে হেনস্তার ঘটনাও বেড়েছে। এমনকি হিযাব না পরলে ধর্ষণের হুমকিও দেওয়া হচ্ছে। বিষয়গুলো প্রথমে সরকার গুরুত্ব না দিলেও সামাজিক মাধ্যমে প্রতিবাদের ঝড় ওঠার পর তাদের গ্রেপ্তার করা হয়েছে। ড. জাহেদ উর রহমান বলেন, ''ঘটনা তো ঘটতে পারে, যেমন ধরেন, দুইজন নারী প্রকাশ্যে ধূমপান করার কারণে পিটিয়েছে রাস্তায়– যিনি এটা করেছেন, তার ছবি তো ওইদিনই সামনে এসেছে। দীর্ঘ সময় পর মানুষ যখন অনেক চেঁচামেচি করলো, তখন তাকে ধরা হলো। কিন্তু এর আগে আমাদের স্বরাষ্ট্র উপদেষ্টা তার পক্ষে পরোক্ষভাবে সাফাই গেয়েছেন। ঘটনা ঘটছে, কিন্তু সরকার ব্যবস্থা নিচ্ছে না। ফলে এতে এক ধরনের পারসেপশন তৈরি হয়। তখন এই ন্যারেটিভ যারা প্রতিষ্ঠিত করতে চায় বাংলাদেশ মৌলবাদীদের হাতে গেছে, সেটা তো প্রতিষ্ঠিত হয়ে যায়। লক্ষীপুরে একটি হিন্দু হোটেলে পর্দা দিয়ে ঢাকা অবস্থায় কিছু মানুষ খাচ্ছিলেন। তাদের বের করে এনে কান ধরে উঠবস করানো হয়েছে। বয়স্ক মানুষকে। এর প্রতিটি ঘটনাই উগ্রবাদের প্রমাণ। সরকার যেহেতু ঠিকমতো ব্যবস্থা নিচ্ছে না, ফলে এই পারসেপশন তৈরি হচ্ছে।''

ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমাজবিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক সামিনা লুৎফা বলেন, ''নারীর প্রতি সহিংস আচরণ, নিপীড়ন, যৌন নিপীড়ন, ধর্ষণ এগুলো বাংলাদেশে নতুন কোনো ঘটনা না। এগুলো হয় এই কারণে যে, নারীকে সমাজে যেভাবে নির্মাণ করা হয়, তাতে সাংস্কৃতিক মূল্যবোধ যেমন আছে, ধর্মীয় মূল্যবোধও আছে। নতুন করে যেটা সামনে আসছে যে, হিযাব ছাড়া বের হলে নারী ধর্ষিত হতে পারেন- এই কথ াগুলো যারা বলছেন, তাদের ধর্মীয় পরিচয় থাকার কারণে এরকম মনে হতে পারে। বাংলাদেশের সমাজটা নারীদের জন্য খুবই অনিরাপদ। পিতৃতন্ত্র নারীদের জীবন জুড়েই এভাবে আটকে রাখে, যা তাকে প্রতিনিয়তই নিপীড়িত করে। ধর্ম বনাম নারীকে নিয়ে যাওয়াটা ভুল হবে। আমাদের আইনের শাসন ঠিক করার প্রয়োজন আছে। সাধারণ মানুষের নিরাপত্তার প্রয়োজন আছে। নিরাপত্তা উন্নত হলে সকল নাগরিকের জন্য যেমন স্বস্তির, নারীর জন্যও সেটা হবে স্বস্তির। তারপর আমাদের লিঙ্গভিত্তিক সহিংসতার দিকে মনোযোগ দিতে হবে।''

ওজন পার্ক ফ্রেন্ডস

শেষ পৃষ্ঠায় পর

হয়েছে ওজন পার্ক ফ্রেন্ডস ক্লাব। প্রায় ২৫০ জন সদস্য নিয়ে এগিয়ে যাচ্ছে নন প্রফিট অর্গানাইজেসন এই ক্লাবটি। বুধবার ওজন পার্কের একটি রেস্টুরেন্টে আয়োজিত ইফতার ও দোয়া মাহফিল এর মাধ্যমে সদস্যগণ ঐক্যবদ্ধ থাকারও অঙ্গীকার করেন। মাহফিলে স্থানীয় বিশিষ্ট ব্যবসায়ীগণ অংশ নেন। এতে দোয়া ও মোনাজাত পরিচালনা করেন ইমাম আবু সাঈদ। মাহফিলে ফ্রেন্ডস ক্লাবের কর্মকর্তাদের মধ্যে সভাপতি মোঃ ইকবাল হোসেন চৌধুরী, সহ সভাপতি হিমেল স্বপন, সাধারণ সম্পাদক মোঃ জাহিদুল ইসলাম, সহ সাধারণ সম্পাদক ফখরুল ইসলাম ও নুর হোসেন রতন, প্রচার সম্পাদক নূর হোসেন মোরশেদ উপস্থিত ছিলেন।

২ শতাধিক বাংলাদেশী

শেষ পৃষ্ঠায় পর

৪০ জন শিক্ষার্থী ভর্তির জন্য নির্বাচিত হয়েছেন। উল্লেখ্য, ৮টি স্পেশালাইজড হাইস্কুলে ভর্তির জন্য পরীক্ষা দেয় অষ্টম গ্রেডের প্রায় ২৫,০০০ শিক্ষার্থী। তাদের মধ্যে প্রায় ৩,০০০ শিক্ষার্থী ভর্তির জন্য কোয়ালিফাই করে। এই ভর্তি পরীক্ষা অত্যন্ত কঠিন। এ জন্য টিউটোরিয়াল সেন্টারগুলোর কোচিংয়ের মাধ্যমে শিক্ষার্থীর ভর্তি প্রতিযোগিতায় অংশ নেয়। খানস টিউটোরিয়াল, মামুনস টিউটোরিয়াল ও সিনার্জি প্রেপ এ তিনটি টিউটোরিয়াল সেন্টার নিউইয়র্কের বাংলাদেশী কমিউনিটির কাছে বেশ সুপরিচিত ও জনপ্রিয়। এসব টিউটোরিয়াল থেকে প্রশিক্ষণ নিয়ে বাংলাদেশী বংশোদ্ভূত শিক্ষার্থীরা স্পেশালাইজড হাইস্কুলে ভর্তির সুযোগ পেলেন







ইমিগ্রেশন ও আপনি

এটর্নী শাকিল এইচ কাজমী

আমেরিকায় অবস্থানরত বাংলাভাষাভাষী প্রত্যেকেই কোন না কোনভাবে ইমিগ্রেশনের সাথে জড়িত। বিশাল জনগোষ্ঠীর বিশেষ সুবিধার্থে ইমিগ্রেশন বিষয়ে "ইমিগ্রেশন ও আপনি" শিরোনামে প্রতি সপ্তাহে একজন ইমিগ্রেশন বিশেষজ্ঞ আইনজীবীর লেখা ধারাবাহিকভাবে প্রকাশ করছি। এই কলামটির লেখক শাকিল হোসেন কাজমী। শাকিল কাজমী নিউইয়র্ক ল'স্কুলে আইনের উপর পড়াশোনা করেছেন। তিনি ওয়াশিংটন কলেজ অব ল' থেকে ইমিগ্রেশন ল' এবং বিজনেস ল'-এর উপর এল.এল.এম. করেছেন। তিনি নিউইয়র্ক স্টেট বার এসোসিয়েশন, আমেরিকান বার এসোসিয়েশন এবং ইমিগ্রেশন ল' ইয়ার্স এসোসিয়েশনের সদস্য।

ইমিগ্রেশন ও আপনি বিভাগ থেকে আপনাদের সবার জন্য রইলো আমাদের শুভেচ্ছা ও ধন্যবাদ। আশা করি আপনারা সবাই সুস্থ আছেন। আপনাদের মঙ্গলকর জীবন আমাদের কাম্য। আর তাই ইমিগ্রেশন বিষয়ে যেকোন প্রয়োজনে আমরা আপনাদের সাহায্যের জন্য প্রস্তুত। এই বিভাগ আপনাদের জন্য। এ কারণে এই বিভাগের মাধ্যমে আপনারা এতটুকু উপকৃত হলে আমরা আনন্দিত হবো। প্রতি সপ্তাহের মতো এ সপ্তাহেও আপনাদের পাঠানো চিঠিগুলো আমাদের হাতে এসে পৌঁছেছে। আপনাদের পাঠানো চিঠি থেকে পর্যায়ক্রমে আমরা তার উত্তর দিয়ে থাকি।

ট্রাম্প প্রশাসনের ঘোষণা :-

ট্রাম্প প্রশাসনের পক্ষ থেকে ঘোষণা করা হয়েছে যে কানাডার নাগরিকরা ইউএসএ ৩০ দিনের অধিক অবস্থান করলে তাদের ইমিগ্রেশন কর্তৃপক্ষের কাছে নাম রেজিস্টার করতে হবে আইনটি বলবৎ হওয়ার পর কানাডিও পরিদর্শকদের ব্যাকগ্রাউন্ড চেক করার জন্য তাদের বায়োগ্রাফি তথ্য এবং ফিঙ্গারপ্রিন্ট দাখিল করতে হবে নেশনালিটি আইন অনুযায়ী ১৪ বছরের বা তদূর্ধ্ব বয়সী নাগরিকদের ইউ এস গভর্নমেন্ট রেজিস্টার করতে এবং ফিঙ্গারপ্রিন্ট জমা দিতে হবে যদি তারা ৩০ দিনের অধিক অবস্থান করেন। আইনটি বহু বছর ধরে থাকলেও, কানাডিয়ান নাগরিক যারা স্থল সীমানা দিয়ে ইউ এস এ প্রবেশ করত তাদের ক্ষেত্রে সব সময় প্রয়োগ করা হতো না। নতুনভাবে কার্যকর হওয়ায় এক মাসের অধিক কানাডার নাগরিকরা অবস্থান করলে তাদের ইউ এস এর সিটিজেনশিপ এট ইমিগ্রেশন সার্ভিসেস ইউএসবিআইএস তে একটি একাউন্ট খুলতে হবে এবং ফিঙ্গারপ্রিন্ট এর জন্য একটি সাক্ষাৎকারের সময় নিতে হবে এসব করতে যারা ব্যর্থ হবে তাদের জরিমানা গুনতে হবে গ্রীন কার্ড ধারীরা এবং যারা ভিসা নিয়ে আসবে তাদের ক্ষেত্রে শাস্তি বলতে হবে না তবে যেসব কানাডিও এই আইন মানবে না তাদের জরিমানার সম্মুখীন হতে হবে যদিও এক্ষেত্রে আইন বলবৎ এর ব্যাপারে এখনো অসম্পূর্ণতা রয়েছে। হোমল্যান্ড সিকিউরিটি বিভাগ এখনো কোন মন্তব্য করেনি বা কিভাবে রেজিস্ট্রেশন প্রক্রিয়া সম্পন্ন হবে সে বিষয়ে বিস্তারিত জানা যায় নাই।

রিয়েল বা প্রকৃত আইডি:-

রিয়েল আইডি অ্যাক্ট একটি ফেডারেল আইন আইনটি স্টেট ইস্যু করা আইডি বা ড্রাইভার্স লাইসেন্স এবং আইডেন্টিফিকেশন কার্ড প্রতিষ্ঠিত হয় কঠোর নিরাপত্তা মান বজায় রাখার লক্ষ্যে মে ৭ ২০২৫ সাল থেকে প্রত্যেক ইউএস ট্রাভেলর যাদের বয়স ১৮ বা তদুর্ধদের জন্য একটি সমতুল্য লাইসেন্স বা অন্য গ্রহণযোগ্য পরিচয় পত্র যেমন পাসপোর্ট ডোমেস্টিক ফ্লাইটে চলার জন্য এবং কতিপয় ফেডারেল স্থাপনায় প্রবেশের জন্য প্রয়োজন হয়।

রিয়েল বা প্রকৃত আইডি কি?

রিয়েল আইডি হচ্ছে সিকিউরিটি এনহান্স্ট ড্রাইভারস লাইসেন্স বা তেমন আইডেন্টিফিকেশন কার্ড যা হোমল্যান্ড সিকিউরিটি ডিপার্টমেন্ট ডিএইচএস প্রণীত ফেডারেল মান মেটাবে কংগ্রেস ৯১১ এরপর নিরাপত্তা জোরদার করার লক্ষ্যে ২০০৫ সালে রিয়েল আইডি এক পাস করে আইনটি কিছু নির্দিষ্ট পরিচয় নিশ্চিত করতে ইস্যু করা হয়।

রিয়েল আইডি কখন কার্যকর হয়?

রিয়েল আইডির সময়সীমা বৃদ্ধি করা হয়েছে অনেকবার মানে এর মেয়াদ মেয়ে ৭ ২০২৫ পর্যন্ত বাড়ানো হয়েছে এই তারিখের পর ইউএসএ বসবাসকারীদের এই রিয়াল কার্ড এর সঙ্গে এর সমমান সম্পন্ন অন্য কোন ফেডারেল অনুমোদিত কার্ড প্রয়োজন হবে ইউএস এর মধ্যে ডোমেস্টিক কোন ফ্লাইটে ভ্রমণের জন্য ফেডারেল ভবন এবং সামরিক ঘাঁটিতে ঢুকতে হলে।

রিয়েল আইডি পাওয়ার উপায়:-

রিয়েল আইডি প্রত্যেক স্টেট এর মটর ভেহিকেল ডিপার্টমেন্ট (ডিএমভিএস) ইস্যু করে থাকে এই আইডির জন্য সশরীরে স্থানীয় ডিএমভি অফিসে যেতে হবে এবং নিম্নে বর্ণিত প্রমাণাদি দাখিল করতে হবে।

১. পরিচয়ের প্রমাণ প্রুফ অব আইডি একটি বৈধ পাসপোর্ট জন্ম সনদ (বার্থ সার্টিফিকেট) বা পার্মানেন্ট রেসিডেন্ট কার্ড (গ্রীন কার্ড)।
২. সোশ্যাল সিকিউরিটি নম্বরের প্রমাণপত্র সোশ্যাল সিকিউরিটি কার্ড, ডব্লিউ ২ অথবা পে স্টাব যেখানে থাকবে সম্পূর্ণ এস এস এন।
৩. স্টেট রেসিডেন্সির প্রমাণ: ইউটিলিটি ভাড়ার চুক্তি বা ব্যাংক স্টেটমেন্ট যাতে থাকে আপনার বর্তমান ঠিকানা।
৪. নাম পরিবর্তনের প্রমাণপত্র(প্রযোজ্য হলে): বৈবাহিক সনদ ম্যারেজ সার্টিফিকেট তালাকনামা বা কোর্টের আদেশ যদি আপনার বর্তমান নাম জন্ম সনদের নাম হ্যাক হয়।



প্রত্যেক স্টেট এর নিয়ম কানুন:-

কোন কোন ক্ষেত্রে সামান্য পার্থক্য হতে পারে এক্ষেত্রে আপনি আপনার স্টেটের ডিএমবির ওয়েবসাইট চেক করে নেবেন আবেদন করার পূর্বে।

আপনার কি রিয়াল আইডি দরকার?

রিয়েল আইডি কারো জন্য বাধ্যতামূলক নয় আপনি যদি রিয়াল আইডি না চান তবে সে ক্ষেত্রে আপনার ফেডারেলের গ্রহণযোগ্য পরিচয় পত্র যেমন–

* বৈধ (us passport) ইউএস পাসপোর্ট কার্ড।
* ইউএস মিলিটারি কার্ড।
* ড এইচ এস ট্রাস্টেড ট্রাভেলার কার্ড। (যেমন গ্লোবাল এন্ট্রি নেক্সাস বা এন্ট্রি)।

যদি আপনি প্রায়শ দেশের ভেতর ভ্রমণ করেন এবং যদি ভ্রমণের জন্য পার্মানেন্ট সরি পাসপোর্ট সঙ্গে নিতে না চান সে ক্ষেত্রে রিয়াল আইডি অনেক স্বস্তিদায়ক।

সর্বশেষ তথ্য জানতে ডি এ ই এস এর রিয়েল আইডি ওয়েবসাইটে দেখুন।

এপ্রিল ২০২৫ ভিসা বুলেটিন:

ইউএস স্টেট ডিপার্টমেন্ট ডিওএস এপ্রিল ২০২৫ এর ভিসা প্রকাশ করেছে নিম্নে এপ্রিল ২০২৫ এর পারিবারিক ভিত্তিতে ভিসার প্রাপ্যতা উল্লেখ করা হলো।

উল্লেখ্য যে, 'ফাইনাল অ্যাকশন ডেট' বলতে সেই তারিখকে বোঝায় যখন ইউএস সি আই এস/ ডিওএস জমাকৃত আবেদনের উপর তাদের চূড়ান্ত সিদ্ধান্ত প্রদান করে। এতে করে আপনাদের প্রায়োরিটি তারিখ হবে এই তারিখের পূর্বে।

এপ্রিল ২০২৫ ভিসা সার্বিক পর্যালোচনায় দেখা যাচ্ছে যে পরিবার ভিত্তিক ভিসা ক্যাটাগরিতে তেমন কোন অগ্রগতি নেই। অর্থাৎ খুব সামান্য অগ্রগতি হয়েছে।

ফ্যামিলি স্পন্সর প্রেফারেন্সেস:

প্রথম: (এক ১) ইউএস সিটিজেনদের অবিবাহিত পুত্র কন্যা: মার্চ ১৫, ২০১৬ ।

দ্বিতীয়: পার্মানান্ট রেসিডেন্সদের স্পাউস (স্বামী/স্ত্রী), সন্তান এবং অবিবাহিত পুত্র কন্যা।

এ.(এফ ২) : পার্মানান্ট রেসিডেন্সদের স্পাউস (স্বামী/স্ত্রী), এবং ২১ নিম্ন বয়সের সন্তান, জানুয়ারি ০১, ২০২২।

বি. (এফ ২বি): পার্মানান্ট রেসিডেন্সদের অবিবাহিত সন্তান (২১ বছর বা তদুর্ধ বয়সি) মে ২২, ২০১৬।

তৃতীয়: (এফএ) ইউএস সিটিজেনদের বিবাহিত পুত্র কন্যা, এপ্রিল ১ ২০১১।

চতুর্থ: (এফ ৪) প্রাপ্ত বয়স্ক ইউএস সিটিজেনদের ভাই বোন, আগষ্ট ০১, ২০০৭।

চাকরিভিত্তিক ভিসার প্রাপ্যতা জানতে ইউএস ডিপার্টমেন্ট অফ স্টেট এর ওয়েবসাইট ভিজিট করুন।

ইমিগ্রেশন বিষয়ে আমাদের পরামর্শ হচ্ছে যেকোনো চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের আগে প্রয়োজনবোধে একজন অভিজ্ঞ এটর্নির সাথে পরামর্শ করা ভালো।

ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমাদের সাথে যোগাযোগের ঠিকানা: ২২৫ ব্রডওয়ে (৩৮ তলা), নিউইয়র্ক ১০০০৭।

ফোন: **২১২-৫১৩-৭৪৭৪**

ফ্যাক্স: **৯১৪-৪৬২-৩৯৯০**

ই-মেইল:

kazmiandreeves@gmail.com

এ লিখে ই-মেইল করলে অবশ্যই 'বাংলা পত্রিকার জন্য' কথাটি উল্লেখ করবেন।

অনুবাদ: হুসনে এ. বেগম

Law Offices of Kazmi & Reeves



225 Broadway, (38th Floor) New York, NY 10007. Tel: (212)513-7474 , Fax: (914) 462-3990
517 East Main Street, Middle Town, New York 10940. Tel: (845)341-0726, Email- kazmiandreeves@gmail.com

Tel: 212-513-7474, Fax: 914-462-3990

*** Immigration Cases & Appeals * Bankruptcy Cases**
*** Accident & Personal Injury Cases * Divorce, Separation, Child Custody & Support Cases * Business & Commercial Litigation * Real Estate Transactions * Corporation & Partnership Matters.**

এপয়েন্টমেন্ট করে পরামর্শের জন্য আমাদের অফিসে আসতে পারেন।

যৌথভাবে আমাদের রয়েছে ৩৫ বছরের বেশী অভিজ্ঞতা

আপনাদের সুবিধার্থে আমাদের নতুন অফিস এখন ম্যানহাটান ডাউন টাউনের প্রাণকেন্দ্রে এন, আর, ই এবং ২, ৩, ৪ এবং ৫ ট্রেনের সন্নিকটে। ই ট্রেনে ওয়ার্ল্ডট্রেড সেন্টার, ২ ও ৩ ট্রেনে প্লেসপার্ক এবং ৪ ও ৫ ট্রেনে ব্রুকলীন ব্রীজ, আর ও এন ট্রেনে সিটি হলে নামতে হবে।

আইনজীবী ফী আলোচনা সাপেক্ষে কিস্তিতে পরিশোধের ব্যবস্থা রয়েছে।

আপনি আইন সম্পর্কে তেমন কিছু জানেন না- ইমিগ্র্যান্ট ও সুযোগ সুবিধার দেশে আইনানুগ ব্যবস্থার মাধ্যমে জীবন ঝামেলামুক্ত করুন।
অধিকার প্রতিষ্ঠার মাধ্যমে শিকড় প্রথিত করে সার্বিকভাবে কমিউনিটিকে এগিয়ে নিন।

SECI
Sonali Exchange Co. Inc.
Secure, Fast, Reliable.



বাংলাদেশে টাকা পাঠাবেন? সোনালী এক্সচেঞ্জে আসুন
রবিবার জ্যামাইকা ও জ্যাকসন হাইট্স ব্যতীত অন্যান্য শাখা বন্ধ

- আমরা দিচ্ছি সর্বোচ্চ রেট
- আমরা টাকা পাঠাতে কোন ফি নেই না
- আমরা সকল ব্যাংকে একই রেট দিয়ে থাকি
- আমাদের ক্যাশ পিকআপ ও বিকাশ রেটও সমান
- আমরা দিচ্ছি ২.৫০% সরকারী প্রণোদনার নিশ্চয়তা

ঘরে বসে টাকা পাঠাতে
আপনার মোবাইল থেকে
Sonali Exchange App.
ডাউনলোড করে রেজিস্ট্রেশন করুন
যোগাযোগ- ২১২-৮০৮-০৭৯০

সোনালী এক্সচেঞ্জ কোম্পানী ইন্ক
SONALI EXCHANGE CO. INC.
সোনালী ব্যাংক পিএলসি এর একটি অঙ্গ প্রতিষ্ঠান
LICENSED AS INTERNATIONAL MONEY TRANSMITTER BY THE DFS NY, DFI NJ, DFS MI, DB&F GA, DCFR MO AND FLOFR FL
NMLS NO. 1088789

সোনালী এক্সচেঞ্জ এর মাধ্যমে রেমিটেন্স করুন, দেশের অর্থনৈতিক উন্নয়নে গর্বিত অংশীদার হউন।
রেমিটেন্স সংক্রান্ত তথ্যের জন্য নিম্নের যে কোন শাখায় যোগাযোগ করুন

ASTORIA 718-777-7001	ATLANTA 770-936-9906	BROOKLYN 718-853-9558	JACKSON HTS 718-507-6002	BRONX 718-822-1081
JAMAICA 347-644-5150	MANHATTAN 212-808-0790	MICHIGAN 313-368-3845	OZONE PARK 347-829-3875	PATERSON 973-595-7590

আমাদের সার্ভিস নিন - আপনাকে সেবা করার সুযোগ দিন

DR. SADI ALAM, DPM
Foot Specialist
পায়ের বাংলাদেশী রোগ বিশেষজ্ঞ চিকিৎসক

Jamaica Office: 168-32 Highland Ave, Jamaica, NY 11432
Hollis: 196-22 Hillside Ave, Hollis, NY 11423
Jackson Heights Office: 7017 37th Ave, Jackson Heights, NY 11372
Brooklyn Office: 486 McDonald Ave, Brooklyn, NY 11218
Alam Podiatry, P.C.
Ozone Park Office: 530 Conduit Blvd, Brooklyn, NY 11208
Bronx Office: 3099 Bainbridge Ave, Bronx, NY 10467
Parkchester Office: 1381 Castle Hill Ave, Bronx, NY 10462

FOR APPOINTMENT
Phone: 347-509-4470 | Fax: 646-845-1861 | www.alampodiatry.com
WE ACCEPT ALL MAJOR INSURANCE PLANS
PLEASE ASK YOUR DOCTOR FOR REFERRAL

TiME TV PLUS
টাইম টিভিসহ দেশী-বিদেশী
দেড় শতাদিক চ্যানেল দেখুন
Time TV + এ
বাৎসরিক চার্জ $100
যোগাযোগঃ ৬৪৬-২৯১-৭৪০৮

GLOBAL MULTI SERVICES, INC



তারেক হাসান খান, সিইও

অভিজ্ঞ ট্যাক্স প্রিপারেটরের মাধ্যমে
ট্যাক্স এনালাইসিস ও ফাইলিং করা হয়

- INCOME TAX
- IMMIGRATION
- ACCOUNTING
- TAX AUDIT
- BUSINESS SETUP
- TRAVELS



37-18, 74th Street, Suite#202, Jackson Heights, NY 11372
Ph: (718) 205-2360, Fax: (718) 799-5864, Email: globalmsinc@yahoo.com

হোমিও চিকিৎসা



এস.কে.শর্মা
D.H.M.S (B.D) N.H.C (USA)
Homeopathic Specialist

আপনি কি যে কোন জটিল কঠিন ও পুরাতন রোগে ভুগছেন, তাহলে একবার হোমিওপ্যাথিক ঔষধ ব্যবহার করে দেখুন।
আমাদের এইখানে সম্পূর্ন গোপনীয়তা রক্ষা করা হয়।

*Migraine *বাত *হাঁপানি পীড়া *আঁচিল * অর্শ *টিউমার *Kidney Stone *অন্ডকোষের পীড়া *কর্ণের পীড়া *কাশি *কিডনীর পীড়া *চর্ম পীড়া * টনসিলাইটিস *দন্তের পীড়া *ধবল বা শ্বেতী রোগ *নখের পীড়া *পক্ষাঘাত *Gall Bladder Stone *প্রস্রাবের পীড়া * প্রষ্টেট- গ্ল্যান্ডের পীড়া *Fatty Liver * ফুসফুসের পীড়া *ব্লাড-প্রেসার *ভগন্দর * মাথা ব্যাথা * লিভারের পীড়া *সায়েটিকা *সিষ্টাইটিস *স্বরভংগ *নাকে পলিপাস *হার্নিয়া *Blood Cholesterol *চুল পড়া *Fatty Heart *ব্রন *একজিমা * শোথ * টাক রোগ * রক্ত প্রস্রাব * জন্ডিস * অনিদ্রা *গ্র্যাষ্টিক *নিদ্রায় নাক ডাকা * পায়ের তলায় কড়া * মুখে দুর্গন্ধ * স্বপ্ন দোষ * হস্তমৈথুন শোক দুঃখ জনিত পীড়া ইত্যাদি।

শিশুদের:-শিশু দাঁত উঠিতে হাঁটিতে ও কথা বলিতে বিলম্ব, শিশুর একশিরা, শিশুর কোষ্ঠবদ্ধতা, শিশুর মুখদিয়া লালা পড়া, Autism, Autistic, শিশু না খাইতে চাওয়া (Appetite Problems)

আপনি কি যৌন সমস্যায় ভুগছেন
*premature Ejaculation *Low Libido * Impotence
*পুরুষত্বহীনতা * শীঘ্রপতন *লিঙ্গ শিথিলতা

আমরা আমেরিকার যে কোন স্টেটে ডাকযোগে ঔষধ পাঠিয়ে থাকি।

স্বল্প খরচে অল্প সময়ে অত্যাধুনিক পদ্ধতিতে, আমেরিকান ঔষধের সাহায্যে চিকিৎসা করা হয়।

Homeopathy & Herbal
72-08 Broadway, Jackson Heights, NY 11372
Cell: 917-285-4804
BUSINESS HOURS: MONDAY-SATURDAY 11:30AM-8PM, SUNDAY CLOSED

দীর্ঘ লাইনে আর অপেক্ষা নয়

আপনি লাইনে থাকতেই প্রেসক্রিপশন তৈরী

বিনামূল্যে ব্লাড প্রেসার চেক করা হয়।

বিনামূল্যে ব্লাড সুগার মনিটর

২৫% ছাড় কুপন সহ যে কোন পণ্য ক্রয়ে

প্রেসক্রিপশন এর ক্ষেত্রে প্রযোজ্য নয়

ফ্রি উপহার কুপন সহ ভিতরে প্রবেশ করলেই

এটিএম, ফোন কার্ড এবং মেট্রো কার্ড পাওয়া যায়



NEW YORK LOTTERY

নিউইয়র্ক লটারী খেলার ব্যবস্থা রয়েছে

আমরা মেডিকেইড, মেডিকেয়ার পার্ট ডি, থার্ড পার্টি ইন্স্যুরেন্স, অধিকাংশ ইউনিয়ন প্ল্যান ও ওয়ার্কার কমপেনসেশন গ্রহণ করে থাকি।

❑ প্রতিদিন সর্বোচ্চ কমমূল্যের নিশ্চয়তা এবং সিনিয়র সিটিজেনদের জন্য ১০% মূল্য ছাড়, ❑ সার্জিক্যাল সাপ্লাই, হোম হেলথ্ কেয়ার, প্রসাধন সামগ্রী, সুগন্ধি, ভিটামিন, হেলথ্ এন্ড বিউটি কেয়ার ❑ ফটোকপি ৫ সেন্ট, ❑ ফ্যাক্স সার্ভিস, ❑ ৯৯ সেন্ট-এ উপহার কার্ড, ❑ ফিল্ম প্রসেসিং



PARKCHESTER FAMILY PHARMACY

১৪৪৫ ইউনিয়ন পোর্ট (জে এন্ড কে বুফের পাশে) ব্রঙ্কস, নিউইয়র্ক-১০৪৬২ **(347) 851-2688**

আমাদের অন্য কোন শাখা নেই

আমরা অন্য ফার্মেসী থেকে আপনাদের সকল প্রেসক্রিপশন সংগ্রহ করে থাকি।

SEEMA GULIANI, ESQ / ATTORNY AT LAW

LAW OFFICE OF SEEMA GULIANI

BY APPOINTMENT ONLY

☎ 212-691-4343

Em@il *seemagulianiesq@gmail.com*

198-42 FOOTHILL AVE. HOLLIS NY. 11423

WE SPECIALIZE IN

- VAWA
- ASYLUM
- NVC PROCESS
- NATURALIZATION
- TOURIST VISAS (B1/B2)
- RELIGIOUS WORKER
- UNCONTESTED DIVORCES
- FAMILY BASED PETITIONS
- FIANCE/MARRAIGE VISAS
- LEGAL PERMANENT RESIDENCY
- EMPLOYMENT BASED VISAS

(H-1B. PERM, I-140. EB1, EB2, EB3

নিউইয়র্কে বাকা'র ইফতার ও ক্বেরাত প্রতিযোগিতা

শেষ পৃষ্ঠায় পর

সহ সাধারণ সম্পাদক এমডি আলাউদ্দিনের যৌথ সঞ্চালনায় অনুষ্ঠানের শুরুতে পবিত্র কোরআন থেকে তেলাওয়াত করে ক্বেরাত প্রতিযোগিতায় বি গ্রুপ থেকে প্রথম স্থান অধিকারী আব্দুর রহমান সালেহ। প্রায় পাঁচ শতাধিক মানুষের উপস্থিতিতে এই আয়োজনে প্রধান অতিথি হিসেবে নিউ ইয়র্ক সিটি মেয়র এরিক এডামসের প্রতিনিধি হিসেবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন মেয়র অফিসের মুসলিম সিনিয়র এডভাইজার মোহাম্মদ আমীন, চীফ অফ স্টাফ মীর বাশার, মুসলিম লিয়াজো অফিসার মোহাম্মদ মেহেদী হাসান।

সংগঠনের প্রতিষ্ঠাতা সভাপতি আব্দুল হাসিম হাসনুর সার্বিক তত্বাবধানে অনুষ্ঠিত এই আয়োজনে সবাইকে স্বাগত জানিয়ে বক্তব্য রাখেন সংগঠনের সাবেক সভাপতি ও আয়োজন কমিটির আহবায়ক আহবাব চৌধুরী খোকন। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন বাংলাদেশ সোসাইটির সভাপতি আতাউর রহমান সেলিম, এ্যালেগ্রা সিডিপ্যাপ হোম কেয়ারের পরিচালক বীর মুক্তিযোদ্ধা আবু জাফর মাহমুদ আরও বক্তব্য রাখেন শেখ আল মামুন, মাসুদ রহমান, মাওলানা আবুল কাশেম ইয়াহিয়া, জাকির চৌধুরী সিপিএ, সামাদ মিয়া জাকের, তরিকুল ইসলাম মিঠু, মাওলানা আজির উদ্দিন, মাওলানা মাহবুবুর রহমান প্রমুখ।

সংগঠনের পক্ষ থেকে বক্তব্য রাখেন সহ সভাপতি কবি মাকসুদা আহমেদ, সহ সাধারণ সম্পাদক সোহেল আহমেদ, স্কুল ও সমাজ সেবা সম্পাদক সালমা সুমি। সংগঠনের পক্ষে আরও উপস্থিত ছিলেন সহ সভাপতি লোকমান হোসেন লুকু,সহ সভাপতি ফয়সল আহমেদ, সহ সাধারণ সম্পাদক শাহ কামাল উদ্দিন,অর্থ সম্পাদক মোহাম্মদ রনি, প্রচার ও গণ সংযোগ সম্পাদক লিয়াকত আলী, সাহিত্য ও সাংস্কৃতিক সম্পাদক রায়হান জামান রানা, ক্রীড়া ও বিনোদন সম্পাদক শাহ ইকবাল রাজু, কার্যকরী সদস্য কবি রেহানুজ্জামান রেহান, জে মোল্লা সানী এবং চৌধুরী মোমিত তানিম।

কমিউনিটির বিশিষ্টজনদের মধ্যে উপস্থিত ছিলেন বীর মুক্তিযোদ্ধা তোফায়েল চৌধুরী, জুনেদ আহমেদ চৌধুরী, মোহাম্মদ এন মজুমদার, সার্জেন্ট এরশাদ সিদ্দিকী, মাহবুবুল আলম, ফরিদা ইয়াসমিন, রিয়াজ কামরান,মখন মিয়া,সেবুল খান মাহবুব,জামিল আনসারী, হাসান আলী, কাজী হাসান,শাহ সেলিম,কবি মাসুম আহমেদ, আনোয়ার জাহিদ, সুলতান মাহমুদ ,বাকী খন্দোকার, মকন মিয়া,মুতাসিম বিল্লাল তুষার, সাংবাদিক শামীম আহমেদ, সাংবাদিক শাখাওয়াত হোসেন সেলিম, মিজানুর রহমান, জোহায়েব চৌধুরী, আজম চৌধুরী, আনোয়ার জাহিদ, রোকন আহমেদ, রাশেদুল হক প্রমুখ।

অনুষ্ঠানের প্রথম পর্বে ক্বেরাত প্রতিযোগিতায় বিজয়ী সহ অংশগ্রহণকারী সবার মধ্যে সার্টিফিকেট ও পুরস্কার তুলে দেয়া হয়। ইফতারের পূর্বে বায়তুল আমান মসজিদের পেশ ইমাম মাওলানা আজির উদ্দিন বিশেষ দোয়া পরিচালনা করেন।
--প্রেস রিলিজ







যুক্তরাষ্ট্রে টর্নেডোর তাণ্ডবে নিহত ৩৬

প্রথম পৃষ্ঠার পর

সবচেয়ে বেশি ১২ জনের প্রাণহানি হয়েছে। একইসঙ্গে টেক্সাস, আরকানসাস ও জর্জিয়াতেও প্রাণহানি ও ব্যাপক ক্ষয়ক্ষতির খবর পাওয়া গেছে।

জানা গেছে, যুক্তরাষ্ট্রের দক্ষিণ-পূর্বাঞ্চলের বেশ কয়েকটি রাজ্যে ভয়াবহ টর্নেডোর আঘাতে নিহতদের মধ্যে মিসৌরিতেই ১২ জনের মৃত্যু হয়েছে। টর্নেডোতে বহু ঘরবাড়ি বিধ্বস্ত হয়েছে। এ ছাড়া কানসাসে ৫৫টিরও বেশি গাড়ির সংঘর্ষে অন্তত আটজন নিহত হয়েছেন। প্রচণ্ড ধূলিঝড়ের কারণে এ দুর্ঘটনা ঘটে বলে জানা গেছে। শনিবার সন্ধ্যা পর্যন্ত মিশিগান, মিসৌরি এবং ইলিনয়সহ পাঁচটি রাজ্যে এক লাখ ৭০ হাজারের বেশি বাড়িঘর বিদ্যুৎহীন হয়ে পড়ে। মিসিসিপির গভনর্র টেট রিভস জানিয়েছেন, তার রাজ্যে ছয়জন নিহত হয়েছেন এবং একাধিক টর্নেডো বিস্তীর্ণ অঞ্চলে আঘাত হেনেছে। এ ছাড়া, আলাবামা, লুইজিয়ানা, টেনেসি ও আরকানসাসে আকস্মিক বন্যার সতর্কতা জারি করা হয়েছে। জাতীয় আবহাওয়া সংস্থা সতর্ক করে বলেছে, 'একাধিক শক্তিশালী ও দীর্ঘস্থায়ী টর্নেডো আঘাত হানতে পারে। এটি অত্যন্ত বিপজ্জনক পরিস্থিতি।' আলাবামার বেশ কয়েকটি অঞ্চলে বহু টর্নেডোর সতর্কতা জারি করা হয়েছে। মিসৌরির গভর্ণর মাইক কেহো জানিয়েছেন, 'এই রাজ্য ভয়াবহ টর্নেডোর আঘাতে বিধ্বস্ত হয়েছে, বহু মানুষের প্রাণহানি ঘটেছে এবং ঘরবাড়ি ধ্বংস হয়ে গেছে।' প্রাথমিক তথ্যে জানা গেছে, ১৯টি টর্নেডো এখন পর্যন্ত ২৫টি কাউন্টিকে ক্ষতিগ্রস্ত করেছে।এদিকে, আরকানসাসে তিনজন নিহত এবং ২৯ জন আহত হয়েছেন। পরিস্থিতি বিবেচনায় রাজ্যের গভনর্র সারা হাকাবি স্যান্ডার্স জরুরি অবস্থা ঘোষণা করেছেন। জর্জিয়া ও ওকলাহোমার গভনর্ররাও জরুরি অবস্থা ঘোষণা করেছেন। অপরদিকে, টেক্সাসের ধূলিঝড়ে ভয়াবহ এক সড়ক দুর্ঘটনায় ৩৮টি গাড়ি একসঙ্গে দুর্ঘটনার কবলে পড়ে। টর্নেডোর পাশাপাশি, ওকলাহোমাসহ কয়েকটি রাজ্যে ১০০টিরও বেশি দাবানল ছড়িয়ে পড়েছে। ওকলাহোমায় '৮৪০ রোড ফায়ার' নামে একটি ভয়াবহ দাবানলে ইতোমধ্যে ২৭ হাজার ৫০০ একর জমি পুড়ে গেছে এবং তা এখনও নিয়ন্ত্রণের বাইরে।

কনগ্রেশনাল প্রক্লেমেশনপ্রাপ্ত, এক্সিডেন্ট কেইসেস ও ইমিগ্রেশন বিষয়ে অভিজ্ঞ যুক্তরাষ্ট্র সুপ্রিম কোর্টের এটর্নী এট ল'



এটর্নী মঈন চৌধুরী
Moin Choudhury, Esq.
Hon. Democratic District Leader at Large, Queens, NY
মাননীয় ডেমোক্রেটিক ডিস্ট্রিক্ট লিডার এট লার্জ, কুইন্স, নিউইয়র্ক।
সাবেক ট্রাষ্টি বোর্ড সদস্য-বাংলাদেশ সোসাইটি, ইনক.
917-282-9256
Email: moinlaw@gmail.com
Moin Choudhury, Esq
Moin Choudhury is admitted in the United States Supreme Court and MI State only. Also admitted in the U.S. Court of International Trade located in NYC



এক্সিডেন্ট কেইসেস
বিনামূল্যে পরামর্শ
কনস্ট্রাকশন কাজে দূর্ঘটনা
গাড়ী/ বিল্ডিং এ দূর্ঘটনা/ হাসপাতালে
বিকলাঙ্গ শিশুর জন্য
ফেডারেল ডিজএবিলিটি
(ফোস অগ্রিম ফি নেয়া হয় না)
Immigration
(To Schedule Appointment Only)
Call:917-282-9256
E-mail: moinlaw@gmail.com



Timothy Bompart
Attorney at Law
Moin Choudhury
Attorney at Law
Law offices of Timothy Bompart : 37-11 74 St., Suite 209, Jackson Heights, NY 11372
Manhattan Office By Appointment Only.
Moin Choudhury Law Firm, P.C. 29200 Southfield Rd, Suite # 108, Southfield, MI 48076
Timothy Bompart is admitted in NY only. Moin Choudhury is admitted in MI State only and the U.S Supreme Court.

LAW OFFICE OF ALBERT GHUNNEY
ATTORNEY AT LAW
ACCIDENT / IMMIGRATION / DIVORCE
ইমিগ্রেশনঃ ফ্যামিলি পিটিশন, গ্রীনকার্ড, সিটিজেনশীপ, এসাইলাম ও ওয়ার্ক পারমিট রিনিউ।
ডিভোর্স, চাইল্ড সাপোর্ট, কাস্টডি, এলিমনি। ইনকর্পোরেশন এন্ড বিজনেস ট্যাক্স
বাংলাদেশ থেকে B1/B2/F1/M1/J1 ভিসা প্রসেস
সহযোগিতার জন্য যোগাযোগ করুনঃ
ইমিগ্রেশন সার্ভিসে ১২ বছরের অভিজ্ঞ নিউইয়র্ক স্টেট লাইসেন্সড ল'ইয়ার
MURAD HOSSAIN MSS, LLB (DU), LLM USA, DTL UK
347-891-8958, h_m_murad@yahoo.com
37-22 73rd Street, (1F), Jackson Heights, NY 11372

ভোটের হিসাব-

শেষ পৃষ্ঠায় পর

এন্টি আওয়ামী ভোট। আওয়ামী ভোটের মধ্যে আছে বাঙালী জাতীয়তাবাদী বা 'মুক্তিযুদ্ধের চেতনাধারী' বলে দাবীদাররা। এই ভাগে আওয়ামী লীগ ছাড়াও আছে তাদের আদর্শের অনুসারি কিছু ছোটখাট দল। এদের অবশ্য উল্লেখযোগ্য কোন ভোট নেই। আওয়ামী লীগ দিলে ইলেকশনে দুই একটা সীট পায়। তবে এরা সাধারনত: যা আছে আওয়ামী লীগকেই দিয়ে থাকে। ধর্মীয় সংখ্যালঘুদের ভোট আওয়ামী ভোটব্যাংক হিসেবে বিবেচিত। মোট ভোটারের দশ শতাংশ এরা। ওদিকে এন্টি আওয়ামী গ্রুপের প্রধান স্টেক হোল্ডার বিএনপি। কিছু আছে সমমনা। ধর্মভিত্তিক দলগুলোও এন্টি আওয়ামী ভোটস্টকের অংশীদার। তবে শো শা পোজ-পাজের তুলনায় এদের ভোটের হার একেবারেই নগন্য।

বাংলাদেশের নির্বাচনগুলোর ফলাফল পর্যালোচনা করলে দেখা যায় আওয়ামী লীগের প্রাপ্ত ভোট ছাব্বিশ থেকে আটচল্লিশ শতাংশ। '৭৩এর নির্বাচনে বিএনপি ছিল না। তাছাড়া স্বাধীন বাংলাদেশে ক্ষমতাসীন দল হিসেবে আওয়ামী লীগের একচ্ছত্র প্রভাব ও দাপট থাকায় জালজালিয়াতি ব্যালট বাক্স ছিনতাই প্রার্থী গায়েব সন্ত্রাস সহিংসতা করে সে নির্বাচনে আওয়ামী লীগের প্রাপ্ত ভোট ছিল ৭৩ শতাংশ। বাদবাকি সবাই মিলে ২০ শতাংশের মত। '৭৯এর নির্বাচন হয় মার্শাল ল'র মধ্যে। জিয়াউর রহমান তখন ক্ষমতায়। এ নির্বাচনে শত প্রতিকূলতার মধ্যেও আওয়ামী লীগ পায় প্রায় ২৫ শতাংশ ভোট। ক্ষমতায় থেকে নির্বাচন করে প্রধান দল বিএনপি ৪১ শতাংশ। '৮৬এর নির্বাচনও মার্শাল ল'র মধ্যে। এতে প্রধান প্রতিদ্বন্দ্বি ক্ষমতাসীন জাতীয় পার্টি। বিএনপি বর্জন করে। এতেও আওয়ামী লীগের কালেকশন ২৬ শতাংশ। '৮৮তে কোন বিরোধী দল অংশ নেয় নাই। বাংলাদেশের ইতিহাসে সবচেয়ে স্বচ্ছ নির্বাচন হিসেবে বিবেচিত '৯১এর নির্বাচন। এখানে আওয়ামী লীগ পায় ৩০ পার্সেন্ট। তাদের সমমনারা নিজেদের মত করে নির্বাচন করে পেয়েছিল সব মিলিয়ে ৬ শতাংশের মত ভোট। এতে বিএনপির ছিল ৩০ শতাংশ, জামাত ও জাতীয় পার্টির ১২ শতাংশ করে। '৯৬এর নির্বাচনে আওয়ামী লীগের ছিল সাড়ে ৩৭ শতাংশ। বিএনপি পেয়েছিল সাড়ে ৩৩ শতাংশ। জাতীয় পার্টি সাড়ে ১৬, জামাত প্রায় ৯। ২০০১এ আওয়ামী লীগের ভোট বেড়ে দাঁড়ায় ৪০ শতাংশ। সে নির্বাচনে তারা ছিল সদ্য ক্ষমতাত্যাগী। এতে বিএনপিরও ছিল ৪০ শতাংশের ওপরে। '০৮এ আওয়ামী লীগ-বিএনপি জোটগতভাবে নির্বাচন করে। আওয়ামী লীগের মহাজোট পায় সাড়ে ৫৬ শতাংশ। এতে আওয়ামী লীগের একক প্রাপ্তি ছিল ৪৮ শতাংশ। বিএনপি জোটের সাড়ে ৩৭ শতাংশ। বিএনপি একক সাড়ে ৩২। পরের তিনটা নির্বাচনকে নির্বাচন ধরা হয় না। কাজেই ও হিসাব বাদ।

'৭৯ থেকে ২০০৮ পর্যন্ত আওয়ামী লীগের প্রাপ্ত ভোটের গড় হিসাব ধরলে দাঁড়ায় ৩৬ থেকে ৩৭ শতাংশে। বিএনপিরও ৩৭। বাকি ২৬ পার্সেন্ট কিছু জাতীয় পার্টি কিছু জামাত, অন্যান্ন এবং নন কমিটেড। জাতীয় পার্টি জামাত জাসদ সিপিবি চরমোনাই ইত্যাকার অপ্রধান দলের ভোট কখনও আওয়ামী বাক্সে যায় কখনও বিএনপির। কিছু আবার নিজেরাও পৃথকভাবে নির্বাচন করে। গত নির্বাচনে মোট ভোটার ছিল প্রায় ১২ কোটী। এবার এখনও তালিকার আপডেট চলছে। তাতে মৃত এবং ভূয়া ভোট বাদ দিলে কিছু কমবে। আবার নতুন ভোটার যুক্ত হলে সব মিলিয়ে সেই ১২ সাড়ে ১২ কোটীর মত হতে পারে। শতাংশের হিসাবে এতে আওয়ামী লীগের ভোট আছে সাড়ে ৪ কোটীর মত। গন অভ্যুত্থানে উৎখাত হওয়ায় এ দলের ইমেজের ওপর নেতিবাচক প্রভাব পড়েছে। হাজার বিশেকের মত বিদেশে পালিয়েছে। বাকিরা দেশেই আছে। ভোট এলে এরা ভোটও দেবে, আওয়ামী লীগ দলগতভাবে মাঠে না থাকলেও। দলের নেতৃত্বের ওপর বীতশ্রদ্ধ হয়ে যদি দল বা পক্ষত্যাগ করে, এদের সংখ্যা কত হতে পারে, ৫০ লাখ বা ১ কোটী। তারপরও সামনের নির্বাচনে এ দলের ভোট আছে কমপক্ষে ৩ কোটী, যার ১ কোটীর মত ধর্মীয় সংখ্যালঘুদের। ৩৭ পার্সেন্ট হিসেবে বিএনপিরও সাড়ে ৪ কোটীর মত ভোট। ধরলাম বিদ্যমান পরিস্থিতিতে বা সরকারি পৃষ্ঠপোষকতায় নতুন দল গঠন, পরিবারতান্ত্রিক রাজনীতির ওপর বীতশ্রদ্ধা- ইত্যাদী কারনে বিএনপির কিছু ভোট কমবে। কত কমতে পারে! ৫০ লাখ। তারপরও ৪ কোটী।

এ অবস্থায় ফেয়ার ইলেকশন হলে বিএনপিরই জেতার কথা। কিন্তু ইদানীংকালে কারও কারও কথাবার্তা এবং উদ্যোগে মনে হচ্ছে তারা চাইছে না ভোটে জিতে বিএনপি সরকার গঠন করুক। সরকারি পৃষ্ঠপোষকতায় নতুন দল বানানো হয়েছে। তারা টাকাওয়ালাদেরও সহযোগীতা পাচ্ছে। নতুন রাজনীতি নতুন বন্দোবস্তের তত্ব নিয়ে প্রচার প্রপাগান্ডা চালানো হচ্ছে। জামাতঘেষা কিছু বুদ্ধিজীবিকে দেখা যাচ্ছে বিএনপির বিরুদ্ধে বিদ্বেষ ছড়াতে। সবই মানলাম, কিন্তু ভোট এলে বিএনপির ভোটারদেরকে ঠেকানো যাবে কিভাবে। তারা যদি ঠিকমত ভোট দিতে পারে তাহলে তো বিএনপি জিতে যায়! ডিজিএফআইয়ের মেকানিজম বা ইলেকশন ইঞ্জিনীয়ারিং ছাড়া ভোটের রেজাল্ট পাল্টে দেয়ার কোন পথ আছে কি! সামনের নির্বাচন কি '১৪ '১৮ '২৪ স্টাইলে করা যাবে! ছেলেরা দল করেছে। খুব ভালভাল কথা বলছে। তারাও নির্বাচনে যাবে। এবং স্বাভাবিকভাবেই আশা করছে মেজরিটি হয়ে সরকার গঠন করবে। কিভাবে! সবচেয়ে বড় কথা ওদের ভোটটা কোথায়! ভোট তো সব ভাগ হয়ে আছে। জামাতের ভোট সলিড। এদিক-ওদিক হবে না। আওয়ামী লীগ নির্বাচন করতে না পারলে ভোট বিএনপিকে দেবে। তাতে বিএনপির জেতা নিশ্চিত। বলা হচ্ছে এবার ১ কোটির মত তরুন যুবক নতুন ভোটার হবে। তারা সবাই ছাত্রদের দলকে ভোট দেবে। দিলো। কেউ কেউ হিসাব দিচ্ছে তরুন যুবকদের ভোট ৪ কোটীর মত। এরাও নতুন দলের ভোটার। কিন্তু এই তরুন যুবকরা তো আগে থেকেই বিএনপি আওয়ামী লীগে ভাগ হয়ে আছে। কি এমন কান্ড ঘটেছে বা কি এমন রাজনীতি উত্থাপিত হয়েছে যে সবাই দলত্যাগ করে নতুন দলের পক্ষ নেবে। কই, এ পর্যন্ত তো শোনা গেল না কেউ একজন ছাত্রদল যুবদল ত্যাগ করে ছাত্রদের দলে যোগ দিয়েছে!

এরা আবার চায় না পতিত আওয়ামী লীগ নির্বাচন করুক। পারলে জাতীয় প্যার্টিকেও ঠেকিয়ে দেয়। ধরলাম আওয়ামী লীগ এলো না, এদের ভোটগুলো কোথায় যাবে! স্বচ্ছ নির্বাচনের কথা বললে তো এদেরকেও ভোটাধিকার প্রয়োগ করতে দিতে হবে। এরা তো সবাই দেশেই আছে। এমন তো না ৩/৪ কোটি লোক দেশত্যাগ করেছে। আওয়ামী লীগ ইলেকশন করতে না পারলে বিএনপি'র ষোল আনা লাভ। বরঞ্চ আওয়ামী লীগ এলেই সরকারবিরোধী ভোট ভাগ হয়ে যাবে। তাতে লাভ ছাত্রদেরই। '৯১এর নির্বাচনেও শেখ হাসিনা এই ভুলটা করেছিল। তখন জাতীয় পার্টির ভোট ছিল প্রধানত: এন্টি আওয়ামী লীগ বা জাতীয়তাবাদী ঘরানার ভোট। বেগম জিয়া চান নি জাতীয় পার্টি ইলেকশন করে সে ভোট ভাগ করুক। সে জন্য তিনি 'স্বৈরাচারকে নির্বাচন করতে দেওয়া হবে না' বলে ছাত্রদেরকে জাতীয় পার্টির বিরুদ্ধে লেলিয়ে দিয়েছিলেন। এই ফাঁদে পা দেন শেখ হাসিনাও। তিনিও দাবী করেন জাতীয় পার্টিকে নির্বাচন করতে দেওয়া হবে না। তারপরও বিচারপতি শাহাবুদ্দিনের দৃঢ়তায় জাতীয় পার্টি ইলেকশনে অংশ নেয় এবং চরম প্রতিকূলতা মোকাবিলা করে ৩৫টা সীটে জেতে। অথচ জাতীয় পার্টি যদি সেদিন সমান সুযোগ সুবিধা নিয়ে নির্বাচন করতে পারতো বিএনপির সীট কমতো। তাতে শেখ হাসিনা সরকার গঠন করতো। এই বিষয়টা শেখ হাসিনা পরে বুঝতে পেরেছিলেন।

আজকে প্রফেসর ইউনুস বা নির্বাচনে ছাত্রদের নতুন দল হচ্ছে আওয়ামী লীগের প্রধান শত্রু। তারা চাইবে সরকারের প্রধান প্রতিপক্ষ হিসেবে বিএনপি জিতে সরকার গঠন করুক। আওয়ামী লীগ নির্বাচনে না এলে বা করতে না পারলে বিএনপির জন্য শাপে বর। এই সরল হিসাবটা যাদের মাথায় নাই তারা কি রাজনীতি করবে আমি বুঝতে পারি না! আফগানিস্তানে মাদ্রাসার ছাত্র বা তালিবানরা দল গঠন করে নানা চড়াই উৎরাই যুদ্ধবিগ্রহ করে আজ সরকার পরিচালনায়। তাদের পেছনে ছিলেন একজন শিক্ষক বা মাদ্রাসার উস্তাদ। মোল্লা ওমর। এদের মোল্লা ওমরটা যে কে!

এক স্লিপ

শেষ পৃষ্ঠায় পর

স্পন্সরও নেয়া হচ্ছে। অর্থাৎ অন্যের অর্থে নিজেদের পোদ্দারী। এসব নিয়ে ধর্মীয় হুজুর-মওলানাদের ওয়াজ কোন আমলেই আসছে না। আবার গেলো সপ্তাহে এক ইফতার পার্টির আয়োজক জানালেন- কমিউনিটির এক নেতা ইফতার মাহফিলের শেষ মূহুর্তে এসে জানতে চাইলেন আমার চেয়ার কোথায়? জবাবে বলা হলো- চেয়ার তো ভরে গেছে আপরি একটু সাইটে বসেন। তার প্রতিত্তোর 'আমি কেনো সাইটে বসবো, আই ডোন্ট কেয়ার এ্যানিবডি' বলেই অনুষ্ঠান স্থলের সামনের সারিতে মাঝখানে গিয়ে দাঁড়ালে এবং তখন বাধ্য হয়েই আয়োজকদের একজন বিকল্প একটি চেয়ার এনে তাকে বসতে দিয়ে রক্ষা পেলেন।

১৬ মার্চ ২০২৫

ইফতার কেন্দ্রীক সম্প্রীতি কমিউনিটিতে

শেষ পৃষ্ঠায় পর

ইফতার করতে উপস্থিত হোন। কর্মব্যস্ততার মাঝেও সবাই একত্রিত হতে পেরে বেশ উচ্ছ্বসিত থাকেন প্রবাসীরা।

১ মার্চ থেকে ১৫ মার্চ পর্যন্ত প্রায় শতাধিক ইফতার অনুষ্ঠিত হয়েছে নিউইয়র্কের বাংলাদেশী অধ্যুষিত এলাকাগুলোতে। এরমধ্যে বাংলাদেশ সোসাইটি ইনক, বৃহত্তর সিলেট বাসীর সংগঠন জালালাবাদ অ্যাসোসিয়েশন অব আমেরিকা, বাংলাদশি আমেরিকান সোসাইটি, টাইম টেলিভিশন ও বাংলা পত্রিকার ইফতার এবং কেরাত প্রতিযোগিতার ফাইনাল, আমেরিকা বাংলাদেশ কালচারাল সোসাইটি, এনওয়াইপিডিতে কর্মরত বাংলদেশিদের সংগঠন বাংলাদেশি আমেরিকান পুলিশ এসোসিয়েশন বাপা, বৃহত্তর রাজশাহী সমিতি, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় এলামনাই এসোসিয়েশন, শাহনেওয়াজ গ্রুপ, কে আমেরিকান ট্রাভেল এজেন্ট এসোসিয়েশন অব বাংলাদেশ-অ্যাটাব, মৌলভীবাজার ডিস্ট্রিক্ট সোসাইটি, বাংলাদেশি-আমেরিকান লায়ন্স ক্লাব, নিউইর্য়ক বাংলাদেশ প্রেসক্লাব, এস্টোরিয়া ওয়েলফেয়ার সোসাইটি, নিউকো, জ্যামাইকা ফ্রেন্ডস ক্লাব, ঢাকা জেলা সমিতি ইউএসএ, হবিগঞ্জ জেলা সমিতি, বিয়ানীবাজার সমিতি সহ প্রায় শতাধিক সংগঠনের ইফতার সম্পন্ন হয়েছে।

আগামী ২৮ রমজান পর্যন্ত টাঙ্গাইল সোসাইটি ইউএসএ, কুলাউড়া বাংলাদেশি এসোসিয়েশন অব ইউএসএ, প্রবাসী বরিশাল বিভাগীয় কল্যাণ সমিতিসহ প্রায় অর্ধশতাধিক কমিউনিটি সংগঠনগুলোর ইফতার অনুষ্ঠিত হবে। এবছর বাংলাদেশ সোসাইটি কুইন্স, ব্রুকলিন ও ব্রঙ্কসে তিনটি ইফতার আয়োজন করছে।

এছাড়াও বাংলাদেশীদের দ্বারা প্রতিষ্ঠিত এবং পরিচালিত বিভিন্ন ইসলামিক সেন্টার ও মসজিদে প্রতিদিনই ইফতার আয়োজন করে আসছে। এতে মুসল্লীসহ ট্যাক্সি চালক, ট্রাফিক কর্মকর্তা, ফুড ডেলিভারি কর্মী কর্মজীবি বিভিন্ন শ্রেণী পেশার মানুষ ইফতার করে থাকেন। সারাদিনের কর্মব্যস্তার ফাঁকে মসজিদে নামাজ আদায়ের পাশাপাশি ইফতার করতে পেরে কর্মজীবী মানুষেরা খুবই উপকৃত হোন। এনওয়াইপিডির পুলিশ কর্মকর্তা মি. টোবান বলেন, প্রতিবছরই নিউইর্য়ক এর বিভিন্ন এলাকায় মুসলিম বাংলাদেশীদের ইফতারে আমন্ত্রণ পাই। এসব আয়োজনে গিয়ে মানুষের সরব উপস্থিতি ও মিলনমেলা এবং সম্প্রীতি দেখে অনুপ্রাণিত হই। সবাই একত্রে সমবেত হয়ে বেশ আনন্দে ইফতার করেন। এজন্য এসব ইফতারে যেতে ও সবার সাথে একত্রে বসে খেতে উপভোগ করি।

নিউইয়র্কস্থ বাংলাদেশ কনস্যুলেটের কনসাল জেনারেল নাজমুল হুদা জানান, যুক্তরাষ্ট্রের মতো দেশে এমন ইফতার আয়োজন সত্যি খুবই প্রশংসনীয়। এতে আমাদের বাংলাদেশের কমিউনিটির লোকজনদের সম্প্রীতি সৌহার্দ্য বিশ্বের কাছে উদাহরণ হিসেবে থাকবে। এখানে নিউইর্য়ক এর সিনেটর, প্রশাসনিক কর্মকর্তাগণও উপস্থিত হয়ে বেশ উপভোগ করেন ইফতার মাহফিল। প্রতিদিনই একাধিক ইফতারের আমন্ত্রণ পেয়ে থাকি। এসব আয়োজনে গিয়ে মনে হয় বিদেশে নয় বাংলাদেশেই আছি। খুব ভালো লাগে যখন দেখি দলমতের উর্ধ্বে থেকে সবাই একত্রে সারাদিনের কর্মব্যস্ত ও রোজা শেষে ইফতার করছেন।

স্টেট সিনেটর জেসিকা রামোস বলেন, বাংলদেশী কমিউনিটির সাথে আমার দীর্ঘদিনের বন্ধুত্ব। আমি শত ব্যস্ততার মাঝেও বাংলাদেশীদের যেকোনো আয়োজনে থাকার চেষ্টা করি। আমেরিকার হলো মানবাধিকারের দেশ। এখানে বিভিন্ন দেশের, বিভিন্ন ধর্মের মানুষের বসবাস। রামাদ্বানে কমিউনিটির মুসলমানদের ইফতার আয়োজনে সকল ধর্মের মানুষও অংশ নেন। এটি সম্প্রীতি সৌহার্দ্য মনোভাবের উদাহরণ। ইফতার আয়োজন বাংলাদেশের মুসলিম সম্প্রদায়ের ঐতিহ্য হিসেবে বেশ প্রশংসিত হয়েছে এদেশে। সকল মানুষের উপস্থিতিতে বেশ ইফতারে উৎসবমুখর পরিবেশের সৃষ্টি হয়। আমাকে এমন আয়োজনে আমন্ত্রণ দেওয়া হয় যা আমার জন্য বেশ গর্বের।




Khalil Biryani House
খলিলের
খাবার দিয়ে আপনার
অনুষ্ঠান হয়ে উঠুক
জমজমাট
সম্পূর্ণ স্বাস্থসম্মত উপায়ে প্রস্তুত
2062 McGraw Ave
Bronx, NY 10462
Phone: 347-621-2884
1457 Unionport Rd.
Bronx, NY 10462
Phone: 718-409-6840
www.KHALILSFOOD.com


PEOPLE TECH
DevOps
Scrum Master & Product Owner
[100% Scholarship for Training & Job Placement, Condition applied]
Saturday & Sunday
9:00 AM To 2:00 PM Starting from
NOV 02 2019
Saturday & Sunday
2:30 PM To 7:30 PM Starting from
NOV 02 2019
Software Testing [QA] Training & Job Placement
New York In Class Batches
Weekend Morning
9:00 AM To 2:00 PM
Selenium Starting from
October 19, 2019
Weekdays Evening
6:00 PM To 11:00 PM
Selenium Starting from
October 22, 2019
VA In Class Batches
Weekend Morning
9:00 AM To 2:00 PM
Selenium Starting from
November 16, 2019
Weekdays Evening
6:00 PM To 11:00 PM
Selenium Starting from
November 26, 2019
www.piit.us


GLOBAL
Tours & Travel
BOOK YOUR FLIGHT
WITH OUR OTA
www.globaltravelbd.com
"We provide 24/7 customer support"
FLIGHT
VISA
HOTEL
$300 OFF
* Minimum $10000 cash purchase required
CALL NOW
718-406-9745
718-200-2655
Md Shamsuddin
PRESIDENT & CEO
Global Tours & Travel
World Tours & Travel


Flight
LOWEST PRICE CHALLENGE
GLOBAL
NY 1 TRAVELS, INC
আন্তর্জাতিক ও আভ্যন্তরীন
ফ্লাইটের টিকেট
সুলভ মূল্যে ক্রয় করুন
বাংলাদেশের ফ্লাইটের টিকেটে
রয়েছে বিশেষ ছাড় !!!
MIRZA M ZAMAN
37-18 74th Street, Suite # 202, Jackson Heights, NY 11372
Tel: 646-750-0632
E-mail: globalnytravels@gmail.com

শাহ নেওয়াজ গ্রুপের ইফতার মাহফিলে কমিউনিটির মিলনমেলা



















কিরাত প্রতিযোগিতার প্রশংসায় পঞ্চমুখ কমিউনিটি























টাইম টেলিভশিন ও বাংলা পত্রিকার ক্বিরাত প্রতিযোগিতা ফাইনাল রাউন্ড'র চিত্র

















সাহিত্য
সাময়িকী

চোখ
জরিনা আখতার

তোমার ক্ষয়ে যাওয়া দুটো চোখ থেকে সমুদ্রের নুন ঝরে পড়েছে
অমৃতের ভাগাভাগিতে তুমি ছিলে না বলে
সমুদ্রের সব নুন আত্মসাৎ করেছে তোমার দুচোখ,
তোমার দুচোখ এখন দেখে সংবর্ত মেঘ
আকাশের এক কোণে ঝুলে রয়েছে এক খন্ড বিভীষিকা হয়ে,
তোমার দুচোখ দেখে বাজপাখির নখরে গেঁথে আছে
একটি ভয়ার্ত চড়ুই ,
তোমার দুচোখ দেখে জরাজীর্ণ শহরের প্রতিচ্ছবি-
খঞ্জ ভিখারি
মুক ফেরিওয়ালা
অন্ধ ডাকপিয়ন,
তোমার দুচোখ শুধু দেখে না
তমিস্রার গর্ভে প্রোথিত বীজ থেকে আলোর অঙ্কুরোদগম।

পরিপাটি ঘরেও কেউ বখে যায়
শাহীন ইবনে দিলওয়ার

পরিপাটি ঘরেও কেউ বখে যায় অসন্তোষে
হাপিত্যেশ দৃষ্টি পোড়ায় জন্মভিটে পা বাড়ায়
নারকীয়তায় উচ্ছ্বাস তার বিশৃঙ্খল তৈরীতে

এমন বেমিলের উৎস খুঁজে হয়রান হওয়া
যুক্তিহীন তাত্ত্বিক বিশ্লেষণে স্বস্তি আসে না
অভিজ্ঞতার ঝুলির বাড়ন্ত ফোকরে প্রস্থান

দাঁড়িয়ে থাকা চোখের নিষ্পলক অনুসন্ধান
যদি সেই অনুতাপ ঘুচে কারো দয়ার্দ্রতায়
একজন মানুষ পতন ঠেকাতে হাত বাড়ায়

মিলাতে যেয়ে এমন বিদঘুটে বেমিলে ফাঁসাতে
কার উৎসাহ? কেনো তার আগ্রহ বিনাশে?
নিরুত্তর সময় কাটে একদিন অর্থহীন সব।

দুটি কবিতা
জাকির আবু জাফর

এক.
জীবনের একটি নতুন অর্থ নির্মাণের দরপত্র
দিয়েছি ভবিষ্যতের হাতে
সময় আমাকে বললো- জানো না,
আমার সঙ্গে কাজই
নতুন জীবনের আধুনিক চুক্তিপত্র।

দুই.
অন্ধকার আমাকে বললো-
এসো মিশে যাও আমার শরীরে
বললাম- তুমি এসো আমার ঘরে দেখো
আলো ঝলমল আমার পৃথিবী
অন্ধকার বললো- আলোকেই আমার যত ভয়
যেখানে আলো সেখানে আমি নিঃশেষ!

স্ফুলিঙ্গ
পারভীন শাহনাজ

মেয়ে তুমি বড্ড বোকা- প্ল্যাটোনিক প্রেম বোঝো না, গিভ অ্যান্ড টেক,
রিটার্ন-প্রফিট, ডেবিট-ক্রেডিট কিচ্ছু বোঝো না!
প্রতিদিন প্রতি মুহূর্তে এই বিশ্বব্রহ্মান্ডে কী বিপুল বিপ্লব ঘটে যাচ্ছে
তুমি তার কোনো খোঁজই রাখো না!
এখনো সেই সনাতনী প্রেম আর পৌরাণিক ভালোবাসার মোহে আটকে রইলে
কী এক অন্ধবিশ্বাসে!
অথচ, যে অমিয় সুধা তুমি তোমার বক্ষে ধারণ করো,
তা তাবৎ প্রেমিকের আজন্ম-পিপাসা
নিবারণ করে দিতে পারে,
তোমার অক্ষিযুগলে যে তীব্র স্ফুলিঙ্গ- তা নিমিষেই পুড়িয়ে
দিতে পারে সমস্ত অন্যায় আর অবজ্ঞার আকর-
আর দাবানল হয়ে ভস্ম করে দিতে পারে
সমস্ত প্রতারক প্রেমিকের ছককাটা নকশা দলিল-দস্তাবেজ।

তুমি জানো না মেয়ে,
তোমার ওই চোখের ইজেলে এক পৃথিবী প্রেমের রহস্য আজও তথাকথিত
কন্টেন্ট শিকারীরা আবিষ্কার করতে ব্যর্থ- অপারগ,
আজও জগত জুড়ে সেই রহস্য
খুঁজে খুঁজে ক্লান্ত অগণিত রোবটিক রোমিও।

পৃথিবীটা সবুজের নয়; কেবল ঝড়ের
পঙ্কজ শীল

অস্তাচলের রঙে রাঙানো সূর্য,
অন্ধকারে ডুবে যায় সবার মনের ভর।
বিরহের গন্ধে ছড়ানো এই পৃথিবীতে
নিভে আসে স্বপ্ন, খুঁজে পায় না কোনো দিশা।

ভাঙ্গা সেতু, চলতে থাকে পথিক,
হয়তো সে হারিয়ে গেছে নিজেই নিজের সাথে।
পথের মাঝে গজায় বিষাক্ত গুল্ম,
যে গুল্মের ছায়ায় আড়াল হয়ে যায় সত্যের চোখ।

সমুদ্রের তীরের মতো বয়ে যায় সময়
বয়ে যেতে যেতে কোথাও থামে না যাত্রা।
জীবনের নিত্যস্বরূপের রহস্যময়ী আলো,
যে আলোকে কখনো দেখে না কেউ।

ভুল পদক্ষেপে প্রলয়ের আছড়ে পড়া,
এক একটি দিন হয়ে যায় এক একটি অগ্নিকুন্ড।
অসীমের পাশে সীমাহীন ক্ষোভ,
গভীর সন্নিধানে হারিয়ে যায় প্রতিটি শব্দ।

কেউ বলে প্রেমই জীবন, কেউ বলে দুঃখই মুক্তি,
সবথেকে বড় সত্য যে কিছুই নেই স্থায়ী।
এ পৃথিবীটা সবুজের নয়, কেবল ঝড়ের!
তবুও আমরা মেনে নিই, চলতে থাকি আশা নিয়ে।

গহীন
সুমন শামসুদ্দিন

গভীর মনে জেগে ওঠে ক্রাউন শাইনেস!
অস্পৃশ্য দেহ-মন
মাতাল ঘন জঙ্গলের গহীনে-
স্পর্শ-সম্পর্কের ছায়া
প্রুনিং করে ধ্যানরত মধ্যদুপুর।

শুকনো পাতার ওপর
গিরগিটির খসখসে চলাচল,
নাম না জানা পাখির হঠাৎ কুহকডাকে-
সুনসান নিরবতায় ধ্বনির অনুস্রবণ!
তারপর নিস্তব্ধ নিঝুম অরণ্য!

ইউক্যালিপটাসের ক্যানোপির নিচে
আমার চোখে সন্ধ্যা নামে,
রহস্যময় মনের খুঁটি
আস্টেপৃষ্ঠে জড়িয়ে ধরে
উর্ণনাভের দুরূহ ভালোবাসাজাল।



অর্থনৈতিক সমস্যার সমাধানে নিউইয়র্কসহ পুরো যুক্তরাষ্ট্রে সাউথ-ইস্ট গ্রুপ নিয়ে এলো Micro Credit ও Micro Finance



- দরিদ্র ও স্বল্প আয়ের মানুষরা মাইক্রো ক্রেডিটের মাধ্যমে লোন পেতে পারেন সহজ শর্তে।
- ক্ষুদ্র ব্যবসায়ী, ফুড ভেন্ডার ও অন্যরা মাইক্রো ফাইন্যান্সের মাধ্যমে পেরেন পারেন সহজ শর্তে লোন।
- এছাড়াও পেতে পারেন সোলার প্যানেল ও উইন্ডমিলের জন্য লোন।
- চাষাবাদের জন্য লোন

যাদের ক্রেডিট স্কোর কম, কিংবা ব্যাড ক্রেডিট তাদের ক্রেডিট লাইন বিল্ড করে দেব।

বিস্তারিত জানার জন্য যোগাযোগ করুন

Southeast USA Group Inc.

74-09 37th Avenue, Suite # 206, Jackson Heights, NY 11372
Phone: 917-566-1612
www: southeastusagroup.com

FSR Multiservices Inc

মাল্টিসার্ভিস অফিস



বাংলাদেশী আমেরিকান কমিউনিটির জন্য
আমরা নিম্নলিখিত সার্ভিস সমূহ প্রদান করে থাকি

- মানি অর্ডার।
- ই-পাসপোর্ট এর জন্য আবেদন করা।
- ই-পাসপোর্ট এপ্লাই করার পর পাসপোর্টের স্ট্যাটাস/অবস্থান নিয়মিতভাবে আবেদনকারীকে অবহিত করা।
- মেশিন রিডেবল পাসপোর্ট (এমআরপি) এর জন্য আবেদন করা।
- এনআইডি/ভোটার আইডি কার্ড আবেদন করা।
- জন্ম সনদের জন্য আবেদন পূণঃ মুদ্রণ/সঠিক তথ্য করা/পরিবর্তন আবেদন করা।
- পাওয়ার অব এ্যাটর্নি তৈরী করা।
- নো ভিসা ফরম পূরণ করা।
- দ্বৈত নাগরিকত্ব-এর জন্য আবেদন করা।
- তালাক নোটিশ তৈরী করা।
- এয়ার টিকেট।
- সকল প্রকার ইমিগ্রেশন ফাইল করা।
- গ্রীনকার্ড পারমিট রিনিউর আবেদন করা।
- ক্যাশ এসিসটেন্স আবেদন করা।
- ফুড স্ট্যাম্প আবেদন করা।
- রেন্টাল এসিসটেন্স আবেদন করা।
- ট্যাক্স ফাইল।
- বাংলাদেশে ট্যাক্স রিটার্ন জমা দেয়া/ই-টিন করা।
- বাংলাদেশে বাড়ী/ফ্ল্যাটের বাৎসরিক পৌর কর জমা করা।
- EB-3 আবেদন প্রসেস করা।
- ভারতীয় ভিসার আবেদন করা।
- সৌদি ওমরাহ ভিসার আবেদন করা।

Tel (917)-776-1235 646-461-0919

বিশ্বস্ত সেবার অন্যতম বাংলাদেশী প্রতিষ্ঠান

31-10 37th Avenue,
Suite- 206, (2nd Floor), NY 11101
Email: fsr2024@yahoo.com

GRAND OPENING! JACKSON HEIGHTS OFFICE

GEHI & ASSOCIATES

Attorneys and Counselors at Law
www.gehilaw.com

ফ্রি কনসালটেশন



Naresh Gehi, Esq.

74-09-37th Ave, Suite:205, Jackson Heights, NY-11372. TEL: 718-263-5999
104-05 Liberty Ave, Ozone Park, NY-11417 TEL: 718-577-0711
173-29, Jamaica Ave, Jamaica, NY-11432 TEL: 718-764-6911

ইমিগ্রেশন ব্যাংক্র্যাপসি ক্রেডিট কার্ড মেটার ডিভোর্স চাইল্ড কাস্টডি চাইল্ড সাপোর্ট অর্ডার অব প্রোটেকশন সিটিজেনশিপ সব ধরনের ভিসা ও ফিয়ানসি ভিসা প্রসেসিং।

- Do you want apply for a green card?
- Are you being deported?
- Are you having credit card problems?
- Are you unable to pay your debts?
- Has your bank account been sealed?
- Are you getting harrassed by creditors?

IF YOU ANSWERED YES, WE CAN HELP YOU TO RESOLVE YOUR DEBT, IMMIGRATION, BANKRUPTCY AND CREDIT CARD MATTERS.

ON MANY OCCASIONS, OUR CLIENTS DEBTS WERE CLEARED WITHOUT PAYING ANYTHING TO THEIR CREDITORS. PRIOR RESULTS DO NOT GUARANTEE FUTURE OUTCOME.

আমরা ৭ দিন খোলা
We are open 7 days

Call: 718-263-5999

- তুলনামূলকভাবে কম ফি
- সন্ধ্যা এবং সপ্তাহান্তে এপয়েন্টমেন্টের সুযোগ

আমাদের রয়েছে বাঙালি স্টাফ, আমরা বাংলায় কথা বলি।



Suryia Rahman, Esq

বাংলাদেশী মেডিকেল গ্রুপ



ডাঃ আতাউল ওসমানি
এম.ডি
ফ্যামিলি মেডিসিন বিশেষজ্ঞ
৭১৮-৬৩৬-০১০০

ডাঃ ফেরদৌস খন্দকার
এম.ডি, এফএসিপি
মেডিসিন বিশেষজ্ঞ

Brooklyn
20 Arlington Place
(Across the Fulton St.)
(Betw. Bedford & Nostrand Ave)
Brooklyn, NY 11216
Tel: 718-363-0100
Fax: 718-636-0112

Jackson Heights
70-17 37th Avenue
(Betw. 70 & 71st Street)
East Side of BQ Express Way
Jackson Heights, NY 11372
Tel: 718-363-0100
Fax: 718-636-0112

আমরা সব ধরনের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি

TODAY'S DENTAL

86-30 Broadway, 2nd Fl, Elmhurst, NY 11373.
Corner of Broadway & Justice Ave
Tel: 718-760-5500



আমরা সব ধরনের ইন্সুরেন্স গ্রহন করে থাকি।



দাত ও মাড়ির সর্বাধুনিক সুচিকিৎসার জন্য

আপনাদের সেবায়



ডাঃ কাজী জাফরি সাত্তার
ডা: এ. এ. আব্দুল কাদের ডিডিএস (ইউনিক ডেন্টাল)

আমরা বাংলায় কথা বলি

REQUEST A FREE CONSULTATION
718-760-5500

HOW TO REACH US
Top of Grand Ave Station
By Train - M, R Train
By Bus - Q 53, Q 58, Q 60 Queens Blvd.

ইমিগ্রেশন / এসাইলাম সেন্টার: গ্রীন কার্ড ও নাগরিকত্ব



কম্যুনিটির সবচেয়ে আলোচিত, পরিচিত এবং নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

লিগ্যাল নেটওয়ার্ক এ আসুন!

আমেরিকায় আইনানুগ বসবাস এনে দিতে পারে জীবনের প্রশান্তি। ইমিগ্রেশন/লিগ্যাল ইস্যুতে ছোট্ট একটি ভুলের জন্য অনেক বড় খেসারত অনেককেই দিতে হয়েছে। ঐ ভুলটি না করার জন্য কয়েক ডজন এটর্নী সিপিএ এবং আর্কিটেক্টদের সমন্বয়ে গড়া **লিগ্যাল নেটওয়ার্কের নিম্নোক্ত সেবা গ্রহন করুন:**

● নাগরিকত্ব, গ্রীনকার্ড, এসাইলাম, ম্যারেজ, ইনভেস্টমেন্ট, স্ট্যাটাস এডজাস্টমেন্ট, স্টপ ডিপোর্টেশন, এপ্লাই ফর সিটিজেনশিপ, অ্যাডভান্স প্যারোল, (রাজনৈতিক আশ্রয় প্রার্থীরা বিশেষ ব্যবস্থায় দেশে ঘুরে আসুন) ● ক্রিমিনাল (স্টেট/ফেডারেল) ● সিভিল লিটিগেশন: বিজনেস, ডিভোর্স, চাইল্ড সাপোর্ট/ কাস্টোডি, স্টপ ফর-ক্লোজার, (নিজ বাড়ী রক্ষা করুন), পার্টনারশীপ, বিজনেস এগ্রিমেন্ট, ল্যান্ডলর্ড/টেন্যান্ট, ● এক্সিডেন্ট কেইস: পারসোনাল ইনজুরী/ স্লীপ এন্ড ফল ইত্যাদি ● ট্যাক্স ফাইল (ব্যক্তিগত এবং বিজনেস) ● ফাইল ফর কর্পোরেশন এবং নট ফর প্রফিট কোম্পানী, ● বুক কিপিং ও অন্যান্য ● বাড়ীর ভায়োলেশন রিমুভ, লিগ্যাল বেইজমেন্ট, প্রপার্টি কনভার্শন (এক ফ্যামিলি থেকে বহু ফ্যামিলি), রিমুভ ফাইন-সিটি/স্টেট এজেন্সীস।

ইদানীং ইমিগ্রেশন আইন সহ বিভিন্ন আইনের প্রয়োগ নিয়ে অনেক তর্কবিতর্ক হচ্ছে যার সাথে ইমিগ্র্যান্টদের ভাগ্য ওতপ্রোতভাবে জড়িত। এ সময়ে ইমিগ্র্যান্টরা কোন বিষয়েই কোন প্রকার ভুল এফোর্ড করে না। সুতরাং গ্রোসারি ষ্টোরের মতো গজিয়ে ওঠা মোহরী/ মান্টি সার্ভিস দোকানে যাওয়ার আগে এবং এটর্নী নিয়োগের পূর্বে ইমিগ্র্যান্টদের সচেতন হওয়া খুবই জরুরী।

All Service Provided by Attornys Admittied in State & Federal Court, CPA, P.E, Architect and Licensed Professionals.

72-32 Broadway, Suite # 302, Jackson Heights, NY 11372, Tel: 917-722-1408 / 1409, Fax: 718-276-0294, Email: legalnetwork.us@gmail.com

কলম্বিয়া ইউনিভার্সিটি ল' গ্রাজুয়েট, লন্ডন ইউনিভার্সিটি থেকে ব্রিটিশ ফরেন ও কমনওয়েলথ

অফিসের অধীনে শেভনিং স্কলার ও হিউম্যান রাইটস-এ মাস্টার্স, ঢাকা ইউনিভার্সিটি থেকে আইনে অনার্স ও মাস্টার্স (১ম শ্রেণী), বিসিএল (জুডিশিয়াল) এর সদস্য, বাংলাদেশে প্রাক্তন সিনিয়র সহকারী জজ আইন মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব ও বাংলাদেশ সরকারের প্রাক্তন মাননীয় আইন মন্ত্রীর কাউন্সিল অফিসার হিসেবে ৮ বছর এবং নিউইয়র্কের বিভিন্ন ল'ফার্মের অভিজ্ঞতাসম্পন্ন এ্যাটর্নী।



অশোক কুমার কর্মকার
এ্যাটর্নী এট ল'

আমেরিকা যে কোন বড় ব্যবসা নতুনভাবে বিনিয়োগের মাধ্যমে Treaty (E-2) ভিসার অধীনে এদেশে বসবাস করার সুযোগ পেতে পারেন এবং পরবর্তীতে গ্রীন কার্ড পাওয়ার যোগ্য হতে পারেন।

মাত্র ১ মিলিয়ন বা তারচেয়ে ৫ লক্ষ ডলার বিনিয়োগ করে EB-5 ভিসার অধীনে আপনি আপনার পরিবার ও সন্তান-সন্ততিসহ গ্রীন কার্ড পেতে পারেন।

বিদেশের এদেশে আপনার বিনিয়োগের অর্থ আমাদের মাধ্যমে আমদানি করতে পারেন।

দেশে কোন রেজিস্টার্ড সম্পত্তি/প্রতিষ্ঠান ক্রয় করলে আপনি ও আপনার পরিবার ৫ বছরের মধ্যে গ্রীন কার্ড পেতে পারেন এবং দুবছর পর গ্রীন কার্ডের আবেদন করতে পারেন।

আপনি কি বিনিয়োগের মাধ্যমে নিজের যোগ্যতায় খুব দ্রুত গ্রীন কার্ড পেতে চান?

- আপনার সার্বিক আইনী (ইমিগ্রেশন, এপ্লাইলামসহ সর্বপ্রকার রিয়েল এস্টেট ক্লোজিং, পারসোনাল ইনজুরি, মেডিকেল ম্যালপ্র্যাকটিস, ডিভোর্স, পারিবারিক রিপ্রাসাইজেশনসহ সকল ধরনের) সমস্যার সমাধানে যোগাযোগ করুন (সোম-শনিবার)।
- আমেরিকার বসে আমাদের ঢাকা অফিসের মাধ্যমে খরচ ও সময় বাঁচিয়ে আপনি বাংলাদেশে আপনার যে কোন মামলা পরিচালনা, সম্পত্তি ক্রয়-বিক্রয়সহ যে কোন আইনী সমস্যার সমাধান সহজেই করতে পারবেন।
- আপনার সম্পত্তি ব্যবস্থাপনায় (Property Management) আমাদের ঢাকা অফিস আপনাকে সহায়তা করতে পারে।

Law Offices of Ashok K. Karmaker, P.C.

Queens Main Office: Queens Office: 143-08 Hillside Avenue, Jamaica, NY 11435
Tel: (212) 714-3599, (718) 408-3282, Fax: (718) 408-3283, Email: ashok@ashoklaw.com, Web: www.ashoklaw.com
Tel: (718) 662-0100, Fax: (347) 305-8383, Email: info.klplllc@gmail.com, Web: www.k-lpllc.com
Dhaka Office: US-Bangladesh Global Law Associates Ltd.
Dream Apartment, Apt.C2, Hse 3G, Road 104, Gulshan Circle 2, Dhaka 1212, Bangladesh, Tel: 011-880-2-8833711

দীর্ঘ অভিজ্ঞতাসম্পন্ন সফল এটর্নী



SHEIKH SALIM
Attorney at Law

Accident Cases, Medical Malpractice & Legal Malpractice

এটর্নী আপনার বাসায় যাবেন, ইভিনিং এবং উইকএন্ডে এপয়েন্টমেন্টের সুযোগ

- কন্ট্রাকশন দুর্ঘটনা
- স্লিপ ডিজিজ
- ত্রুটিপূর্ণ পণ্য জন্য
- হ্যাকোন্ড বা মই থেকে পড়ে দুর্ঘটনা
- মটর গাড়ি দুর্ঘটনা
- অ্যাসবেস্টস থেকে জটি
- লেড বিষ সম্বন্ধীয়
- কাজের সময় দুর্ঘটনা
- মিসক্যারেজ বা গর্ভপাত না পাওয়া
- বার্থ রিলেটেড ইনজুরি
- পিছলে পড়া, হোঁচট খাওয়া
- যে কোন ধরনের ইঞ্জুরি কেস

এছাড়াও ১০০% নিশ্চয়তা সহকারে এসাইলাম কেস পরিচালনা করি

Sheikh Geroulakis & Ladyzhensky, PLLC

Attorneys at Law
225 Broadway, Suite 630, Manhattan, NY 10007
Phone: 212-564-1619 / 347-873-5428

এসএনএস একাউন্টিং এন্ড জেনারেল সার্ভিসেস



(একটি বিশ্বস্ত ও নির্ভরশীল প্রতিষ্ঠান)

একাউন্টিং
ইনকাম ট্যাক্স, ব্যক্তিগত(Individual all States), কর্পোরেশন, পার্টনারশীপ, নট ফর প্রফিট ট্যাক্স, সেলস ট্যাক্স, বুককিপিং এন্ড একাউন্টিং এবং আইআরএস -এর সাথে সমস্যা সমাধানে পরামর্শ।

ইমিগ্রেশন
সিটিজেনশীপ পিটিশন, নিকটাত্মীয়দের জন্য পিটিশন, এ্যাফিডেভিড অব সাপোর্ট, বার্থ সার্টিফিকেট এর এ্যাফিডেভিড এবং অন্যান্য ইমিগ্রেশন সংক্রান্ত বিষয়াদি।

Authorized e-file PROVIDER

Electronic Filing & Direct Deposit 2021 For Accurate Faster & Secure Refund

প্রফেশনাল করপোরেট ট্রান্সলেশন সার্ভিস।
নোটারী পাবলিক
ফ্যাক্স সার্ভিস
রেজুমি
দক্ষতার সাথে রেজুমি ও কভারিং লেটার প্রস্তুত করা হয়।
রেজিস্ট্রেশন
বিজনেস সার্টিফিকেট ও কর্পোরেশন রেজিস্ট্রেশন

দ্রুততম উপায়ে আমেরিকার বিভিন্ন স্টেটের কাস্টমার্সদের ইনকাম ট্যাক্স ও ইমিগ্রেশন বিষয়ক সার্ভিস দেওয়া হয়।

অফিস সময় : সোমবার থেকে শুক্রবার সকাল ১০টা- রাত ৮টা। শনি ও রবিবার সকাল ১১ টা-রাত ৮টা

"EXPERIENCE COUNTS, TRUST US, WE SERVE YOU BETTER"
আমাদের রয়েছে ২৫ বছরের বেশি- বিভিন্নমুখী -নির্ভুল ট্যাক্স ফাইলিং এর দক্ষতাও অভিজ্ঞতা

যোগাযোগ করুন ঃ এম এ কাইয়ূম
৩৫-৪২ ৩১ স্ট্রীট, এস্টোরিয়া, নিউইয়র্ক- ১১১০৬
ফোন ঃ ৭১৮-৩৬১-৫৮৮৩,৭১৮-৬৮৫-২০১০ ফ্যাক্স ৭১৮-৩৬১-৬০৭১
(এন এবং ডব্লিউ ট্রেনে ৩৬ এভিনিউ সাবওয়ের নিকটে)

Wasi Choudhury & Associates LLC

আপনি কি I.R.S./STATE নোটিশ নিয়ে চিন্তিত?

SERVICES
- Represent Taxpayers for I.R.S./ State Audit
- Tax Preparation: Individual, Corporation, Partnership, LLC, Not-for-Profit, etc.
- Accounting: Payroll, Sales Tax, etc.
- Business Licenses
- ইমিগ্রেশন সংক্রান্ত নিয়মাবলী প্রয়োজনে ফলো করা হয়।

IRS e-file IRS AUTHORIZED E-FILE PROVIDER

Member: naea

Wasi Choudhury, EA
Admitted to Practice before the IRS
সদস্য, বোর্ড অব ট্রাস্টি, বাংলাদেশ সোসাইটি ইনক



Tel: 718-440-6712
718-205-3460
Fax: 718-205-3475
Email: wasichoudhury@yahoo.com

ক্রেডিট কার্ড এর মাধ্যমে ও পেমেন্ট করতে পারেন

37-22, 61st St., 1st Fl, Woodside, NY 11377

আবশ্যক

দোভাষী আবশ্যকঃ ম্যাডিকেল অফিসে দোভাষী আবশ্যক। ৩৫ ডলার ঘন্টা দুই ঘন্টা মিনিমাম। বাংলা- ইংরেজী।

Ebt Associates. Text করুন ৯১৭ ৫৭৫ ৬১২৫

আবশ্যকঃ জ্যাকসন হাইটস এ মেডিকেল অফিসে লাইসেন্স ফিজিসিয়ানের সাথে কাজ করার জন্য লাইসেন্সধারী একজন ফিজিসিয়ান এ্যাসিস্ট্যান্ট (চঅ) নিয়োগ দেয়া হবে। বাংলা জানতে হবে। যোগাযোগঃ ৬৪৬-৫৩৩-২১০২.

লোক আবশ্যকঃ
Smoke shop, Lotto convinience store এ কাজ জানা অভিজ্ঞ ফুল টাইম কাজের লোক আবশ্যক। বেতন ক্যাশ পে করা হবে। Address: 408, 83rd St, Elmhurst, NY 11373. Cell: 929-355- 1461.

লোক আবশ্যকঃ
সাবওয়ে রেস্টুরেন্টে এর জন্য রাতের জন্য (Over night) লোক আবশ্যক। ফোনঃ ৩৪৭-৩৬৯-১০৬৬.

আবশ্যকঃ
সাবওয়ে রেস্টুরেন্টে কাজের জন্য অভিজ্ঞ লোক প্রয়োজন। ভালো ইংরেজি জানতে হবে। 25- 27B parsons blvd. Cheque payment only.। ফোন- ৩৪৭-২১৭-০৪৭২ (জেরি)।

আবশ্যকঃ
ম্যানহাটানে অবস্থিত ক্যান্ডি স্টোরের জন্য লোক আবশ্যক। যোগাযোগঃ ৯১৭-৭১৪-২৩৬০, ৯১৭-৪০০-৭৯১১.

আবশ্যকঃ
এস্টোরিয়াতে অবস্থিত ইঞ্জুরি ল' অফিসের জন্য অভিজ্ঞ সেক্রেটারি প্রয়োজন। প্রার্থীকে ইঞ্জুরি ল' অফিসের কর্মের সার্টিফিকেট দিতে হবে। যোগাযোগ: ৭১৮-২৬৭-১৮০০
southeasternmgm@gmail.com

পাত্র-পাত্রী

পাত্রী চাই: ফ্যামিলি-ওরিয়েন্টেড, ভদ্র, সায়েন্টিস্ট (পিএইচডি অধ্যায়নরত-**CS**), বয়স: ২৭, উচ্চতা: ৫'৮", কমপ্লেক্সশন: উজ্জ্বল শ্যামলা, পার্মানেন্ট রেসিডেন্ট পাত্রের জন্যে কমপ্যাটিবল পাত্রী চাই। পাত্র ব্রিফলি ডিভোর্সড।
যোগাযোগ:
abdurrahman.bd144@gmail.com (পাত্র নিজে)

পাত্র চাইঃসম্ভ্রান্ত মুসলিম পরিবারের ইউএসএ সুন্দরী, শিক্ষিত পাত্রীর জন্য শিক্ষিত পাত্র আবশ্যক। যাদের স্টুডেন্ট ভিসা আছে তাদের কে অগ্রাধিকার দেয়া হবে। কল করুন-৩৪৭-৪০০-৮৮০১.

হাউজ কিপিং জব করতে চাই

হাউজ কিপিং জব (যেমন- সুইপ ও মপ করা, রান্নায় সাহায্য করা) করতে ইচ্ছুক। ঘন্টায় ৫/১০ ডলার বেতন পেলেই চলবে। যোগাযোগ: গডফ্রে রোজারিও (প্রাক্তন অফিস সহকারী, বাংলাদেশ সুপ্রীমকোর্ট)।
ফোন: ৩৪৭-৮৪৯-৭৫৪৯ অথবা ৩৪৭-৮৪৯-৭৫২৩

রুমমেট

রুমমেট আবশ্যক : নিউইয়র্ক সিটির ইস্ট এলমাস্টের নর্দান বুলেভার্ড এলাকায় ৩১ এবং ৩২ এভিনিউর মাঝে ৮১ স্টিটের উপরে এক তলায় এবং দ্বি-তলায় রুমমেট আবশ্যক। যোগাযোগ: ৯১৭-৩০১-২০৬৩

রুমমেটঃ এ মাস থেকে ১ জন রুমমেট আবশ্যক। এলমহার্স্ট সাবওয়ে সাথে। একজন মেয়ের সাথে শেয়ারে থাকার জন্য। একজন মেয়ে বা মহিলা আবশ্যক। ৪২-২৫, লেটন স্ট্রীট। ৯২৯-৪০১-৯৫০১.

রুমমেট আবশ্যকঃ ৯০ স্ট্রীট ৭ ট্রেন সাবওয়ের নিকটে এপার্টমেন্ট বিল্ডিং এ অধূমপায়ী একজন হিন্দু রুমমেট আবশ্যক। জুলাই শেষ থেকে ভাড়ার যোগাযোগঃ ৩৪৭-৮৩২-৮১৫৫.

রুমমেটঃ রুমমেট আবশ্যক। এস্টোরিয়া স্টাইনওয়ে স্ট্রীট এম, আর ট্রেনের অতি নিকটে একজন অধূমপায়ী রুমমেট আবশ্যক। যোগাযোগঃ ৭১৮-৭৭২-৪৮৭৯.

রুমমেটঃ জ্যামাইকায় জুলাই মাস থেকে একজন রুমমেট আবশ্যক। যোগাযোগঃ ৬৪৬-৮৯৭-৮৯৭৮.

রুমমেটঃ জ্যাকসন হাইটস প্রাইম লোকেশন ৭৩ স্ট্রীট ৩৫ এভিনিউ, (আপনা বাজারের সামনেই) এপার্টমেন্ট বিল্ডিং এ কর্মজীবী পুরুষ ১জন, জুলাই মাস থেকে (বিল সহ ৫৬০ ডলার) ভাড়া হবে। যোগাযোগ: ৬৪৬ ৬৬৭ ৯০২০

রুমমেটঃ রুমমেট আবশ্যক। জ্যাকসন হাইটস এলাকায় সাবওয়ের নিকটে মনোরম পরিবেশ জুলাই থেকে রুমমেট আবশ্যক। ফোনঃ ৩৪৭-৩৪৫- ৯৩২৪.

রুমমেটঃ রুমমেট চাই। জ্যাকসন হাইটস/ সানিসাইডের সাবওয়ের সন্নিকটে ব্যাচেলারদের সাথে থাকার জন্য অধূমপায়ী, মদ্যপ নহে পরিচ্ছন্ন রুমমেট চাই। ৯২৯-৩২৮-৭০৭৯, ৬৪৬-৯৪৪-২২১২.

রুম ভাড়াঃ ১লা জুলাই হতে জ্যাকসন হাইটস এলমহার্স্ট হসপিটাল, এম ও আর সাবওয়ের সাথে একটি বড় বেডরুম সাবলেট দেয়া হবে। (স্বামী- স্ত্রী/ ছাত্রীর) কাছে। যোগাযোগঃ ৭১৮-৬৯৬-৭৬৮১, ৪৭৫-২০৯-০৩৯৪.

বাসা ভাড়া

বাসা ভাড়াঃ
ব্রঙ্কসের ৬ ট্রেন এর জেরেগা সাবওয়ের নিকটে মসজিদ, স্কুল ও মেডিকেল সেন্টার এর পাশে একটি ৩ বেডরুমের বাসা লিভিংরুম, ডাইনিং রুম, কিচেন ও বাথরুম সহ ভাড়া হবে। যোগাযোগ: ৩৪৭- ৭৪৮-৮৭৪৫। সময়- সকাল ৯টা থেকে রাত ১০টা।

বেসমেন্ট ভাড়াঃ
